

সোমালিয়া উপকূলে নতুন করে বেড়েছে জলদস্যুতা

আন্তর্জাতিক ডেস্ক : সোমালিয়া উপকূলে আবারও জলদস্যুতা বেড়ে যাওয়ায় আন্তর্জাতিক সমুদ্রপথে নিরাপত্তা নিয়ে নতুন করে উদ্বেগ দেখা দিয়েছে। সামুদ্রিক কর্তৃপক্ষ জানিয়েছে,২৩-এর পৃষ্ঠায় দেখুন

ইরান চাইলে আমাদের ফোন করতে পারে: ট্রাম্প



আন্তর্জাতিক ডেস্ক : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, দুই দেশের মধ্যে চলমান যুদ্ধের অবসানের জন্য আলোচনা করতে চাইলে ইরান যুক্তরাষ্ট্রের সাথে যোগাযোগ করতে পারে। রবিবার (২৬ এপ্রিল) ফক্স নিউজের 'দ্য সানডে ব্রিফিং' অনুষ্ঠানে এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেছেন।

ট্রাম্প বলেছেন, "তারা যদি কথা বলতে চায়, তবে আমাদের ৫-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 31 / April 27, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ৩১ ‖ সোমবার, এপ্রিল ২৭, ২০২৬, বৈশাখ ১৪, ১৪৩৩ ‖ জিলকদ ০৮, ১৪৪৭

লিমন-বৃষ্টি লোমহর্ষক হত্যাকান্ড : বৃষ্টির সন্ধান এখনো রহস্যাবৃত

স্বপ্নের সমাধি ঘাতকের নির্মমতায়



বাংলা পত্রিকা রিপোর্ট: স্বপ্ন, সংগ্রাম আর ভালোবাসার এক নীরব গল্প হঠাৎ করেই থেমে গেল এক নির্মম পরিণতিতে। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডার দুই বাংলাদেশি পিএইচডি শিক্ষার্থী জামিল আহমেদ লিমন ও নাহিদা সুলতানা বৃষ্টিকে ঘিরে যে নিখোঁজের রহস্য শুরু হয়েছিল, তা শেষ পর্যন্ত রূপ নিয়েছে এক হৃদয়বিদারক হত্যাকাণ্ডে। কয়েকদিন আগেও যারা ছিলেন গবেষণায় নিমগ্ন, ভবিষ্যৎ নিয়ে ব্যস্ত, তারা এখন পরিণত হয়েছেন একটি শোকাবহ ঘটনার কেন্দ্রে যা নাড়া দিয়েছে যুক্তরাষ্ট্র, বাংলাদেশ সহ বিশ্বের প্রবাসী কমিউনিটিকে। তাদের এমন হৃদয়বিদারক ও লোমহর্ষক ঘটনার শিকারে স্তম্ভিত এবং শোকের ছায়া নেমে এসেছে কমিউনিটিতে। লিমনের মরদেহ উদ্ধার হলেও বৃষ্টির মরদেহ কি আদৌ উদ্ধার হবে সে রহস্যজট আরো গভীর ও অনিশ্চয়তার জন্ম দিয়েছে। যদিও পুলিশ বলছে তারা বৃষ্টির সন্ধানে তল্লাশী চালাচ্ছে। কিন্তু দিন যত যাচ্ছে বৃষ্টির বিষয়টি তত রহস্যাবৃত হচ্ছে।

অভিযুক্ত ঘাতক ও লিমনের রুমমেট হিশাম আবুগারবিয়ার ফ্ল্যাটে 'প্রচুর রক্ত' পাওয়ার পর পুলিশ জানিয়েছে, বৃষ্টির মরদেহ উদ্ধার কঠিন।

নিহত বৃষ্টির বড় ভাই জাহিদ হাসান প্রান্ত মার্কিন সংবাদমাধ্যম '১০ টাম্পা বে নিউজ'-কে জানান, শুক্রবার গভীর রাতে যুক্তরাষ্ট্রের তদন্তকারীরা বাংলাদেশে তাদের পরিবারের সাথে যোগাযোগ করেছেন। পুলিশ জানিয়েছে, লিমন ও হিশামের শেয়ার করা ফ্ল্যাটে যে পরিমাণ রক্ত পাওয়া গেছে, তা থেকে নিশ্চিত হওয়া গেছে যে বৃষ্টি আর বেঁচে নেই। পুলিশের ৫-এর পৃষ্ঠায় দেখুন

নাগরিকত্ব বাতিলের টার্গেটে ৩৮৪ জন আমেরিকান



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন এবার রেকর্ড সংখ্যক ন্যাচারালাইজড নাগরিকের বিরুদ্ধে নাগরিকত্ব বাতিলের প্রক্রিয়া শুরু করেছে। ইতিমধ্যে ৩৮৪ জনকে এই তালিকায় রাখা হয়েছে, যা দেশজুড়ে বিশেষ করে অভিবাসীদের মধ্যে নতুন করে উদ্বেগ তৈরি করেছে।

যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব জাস্টিস (ডিওজে) জানিয়েছে, এই ব্যক্তিদের বিরুদ্ধে ডিন্যাচারালাইজেশন মামলা দায়েরের প্রস্তুতি চলছে। দেশজুড়ে বিভিন্ন ইউএস অ্যাটর্নি অফিসে কর্মরত প্রসিকিউটরদের এই দায়িত্ব দেওয়া হচ্ছে, যাতে দ্রুত মামলাগুলো এগিয়ে নেওয়া যায়। নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, ওয়াশিংটনে সাম্প্রতিক এক বৈঠকে বিচার বিভাগের শীর্ষ কর্মকর্তারা সিদ্ধান্ত নিয়েছেন ৩৯টি আঞ্চলিক অফিসে থাকা সিভিল লিটিগেটরদের এই মামলাগুলো পরিচালনার জন্য নিয়োগ দেওয়া হবে। এই ৩৮৪ জনের তালিকাকে বলা হচ্ছে "প্রথম ধাপ", যা ভবিষ্যতে আরও বড় উদ্যোগের ইঙ্গিত দিচ্ছে।

পরিসংখ্যান বলছে, ২০১৭ সাল থেকে গত বছর পর্যন্ত ৫-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে মেডিকেয়ারে ২৪.৪ মিলিয়ন ডলার জালিয়াতি!

ফার্মেসী মালিকের কারাদণ্ড

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে স্বাস্থ্যসেবা খাতে বড় ধরনের জালিয়াতির ঘটনায় এক ফার্মেসি মালিককে পাঁচ বছরের বেশি কারাদণ্ড দিয়েছে আদালত। মেডিকেয়ার থেকে কোটি কোটি ডলার আত্মসাৎ করে সেই অর্থ পাচারের অভিযোগ প্রমাণিত হওয়ায় এ দণ্ড দেওয়া হয়। নিউইয়র্কের হ্যারিসনের বাসিন্দা ৬১ বছর বয়সী টেসাং "টেরি" কিমকে ৬৩ মাসের কারাদণ্ড দেয় আদালত। তিনি ২৪ দশমিক ৪ মিলিয়ন ডলারের একটি ফার্মেসি জালিয়াতি স্কিম থেকে প্রাপ্ত অর্থ পাচারের ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে দোষী সাব্যস্ত হন।

ডিপার্টমেন্ট অব জাস্টিস (ডিওজে) জালিয়াতির অংশ হিসেবে কিম ও তার সহযোগীরা চিকিৎসক এবং রোগীদের ঘুষ দিয়ে প্রেসক্রিপশন সংগ্রহ করতেন। চিকিৎসকদের অফিস ভাড়া ও কর্মী দেওয়ার মাধ্যমে প্রভাবিত করা হতো, যাতে তারা রোগীদের ওই ফার্মেসিতে প্রেসক্রিপশন পাঠান। একইভাবে রোগীদের নগদ অর্থ ও সুপারমার্কেট ২৩-এর পৃষ্ঠায় দেখুন

হোয়াইট হাউস করেসপন্ডেন্টস ডিনারে হামলার

হামলাকারীর টার্গেটে ছিল ট্রাম্প প্রশাসন!

বাংলা পত্রিকা ডেস্ক : ওয়াশিংটনে হোয়াইট হাউস করেসপন্ডেন্টস ডিনার ঘিরে ঘটে যাওয়া নিরাপত্তা ঘটনার তদন্তে নতুন তথ্য উঠে এসেছে। সন্দেহভাজন হামলাকারী কোল অ্যালেন এর লিখিত 'ম্যানিফেস্টো' থেকে জানা গেছে, তিনি ট্রাম্প প্রশাসনের কর্মকর্তাদের লক্ষ্য করে হামলার পরিকল্পনা করেছিলেন।

তদন্তকারীরা জানিয়েছেন, সন্দেহভাজন হামলাকারী তার লেখা একটি 'ম্যানিফেস্টোতে' স্পষ্টভাবে উল্লেখ করেছিলেন তিনি ট্রাম্প প্রশাসনের কর্মকর্তাদের টার্গেট করতে চেয়েছিলেন।

সিবিএস নিউজ জানায়, পুলিশের হেফাজতে থাকা ওই সন্দেহভাজনের নাম ৩১ বছর বয়সী কোল অ্যালেন, যিনি ক্যালিফোর্নিয়ার টরেন্সের বাসিন্দা। তার কাছ থেকে একটি শটগান, একটি হ্যান্ডগান এবং কয়েকটি ছুরি উদ্ধার করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তিনি একাই এই হামলার পরিকল্পনা করেছিলেন।

তদন্তকারীরা জানিয়েছেন, হামলার আগে অ্যালেন তার পরিবারের সদস্যদের কাছে একটি ইমেইল পাঠান, যেখানে তিনি এই পরিকল্পনার কথা উল্লেখ করেন। ওই বার্তায় তিনি লিখেছিলেন, প্রশাসনের কর্মকর্তারা তার লক্ষ্য এবং তিনি উচ্চপদস্থদের অগ্রাধিকার দিয়ে টার্গেট করবেন।

পরিবারের একজন সদস্য ওই ইমেইল দেখে আতঙ্কিত হয়ে পুলিশকে খবর দেন, যা দ্রুত আইনশৃঙ্খলা বাহিনীর নজরে আসে।

ঘটনার দিন, ওয়াশিংটন হিলটন হোটেলের একটি কক্ষ থেকে বেরিয়ে অ্যালেন সিঁড়ি ব্যবহার করে নিচে নেমে আসেন, যাতে তিনি জনবহুল এলাকাগুলো এড়িয়ে যেতে পারেন। এরপর তিনি দ্রুতগতিতে ডিনার অনুষ্ঠানের প্রবেশপথের দিকে এগিয়ে যান।

ঠিক সেই সময়, সিক্রেট সার্ভিসের সদস্যরা তাকে চিহ্নিত করে দ্রুত আটকে ফেলেন। তাকে মাটিতে ফেলে নিয়ন্ত্রণে নেওয়া হয় এবং তার সঙ্গে থাকা ব্যাগ তল্লাশি করে অস্ত্রগুলো ২৩-এর পৃষ্ঠায় দেখুন

ট্যাম্পা উপসাগরে দেহাবশেষ উদ্ধার; বৃষ্টির দেহ কিনা চলছে তদন্ত



বাংলা পত্রিকা রিপোর্ট: ফ্লোরিডায় নিখোঁজ দুই বাংলাদেশি পিএইচডি শিক্ষার্থীকে ঘিরে রহস্য আরও গভীর হচ্ছে। ট্যাম্পা উপসাগরের পানিতে মানবদেহের অংশ উদ্ধার হয়েছে যা নিখোঁজ নাহিদা সুলতানা বৃষ্টির বলে আশঙ্কা করা হচ্ছে। একই সঙ্গে আদালতের নথিতে উঠে এসেছে এক চমকে দেওয়া তথ্য হত্যার সন্দেহভাজন ব্যক্তি নাকি ঘটনার আগে অনলাইনে কীভাবে মরদেহ গোপন করা যায়, সে বিষয়ে খোঁজ করেছিলেন।

রোববার রাতে সর্বশেষ তথ্য অনুযায়ী, ফ্লোরিডার ট্যাম্পা উপসাগর এলাকায় নিখোঁজ নাহিদা সুলতানা বৃষ্টি এর খোঁজে তল্লাশি চালানোর সময় পানিতে মানবদেহের অংশ পাওয়া গেছে।

স্থানীয় কর্তৃপক্ষ জানায়, পিনেলাস কাউন্টিতে ইন্টারস্টেট ২৭৫ এবং ফোর্থ স্ট্রিট নর্থের কাছাকাছি এলাকা–হাওয়ার্ড ফ্র্যাঙ্কল্যান্ড ব্রিজ সংলগ্ন স্থান থেকে এসব দেহাবশেষ উদ্ধার করা হয়। তবে এখনো পর্যন্ত আনুষ্ঠানিকভাবে শনাক্ত করা যায়নি।

২৭ বছর বয়সী বৃষ্টি গত সপ্তাহে নিখোঁজ হন একই বয়সী আরেক শিক্ষার্থী জামিল লিমন এর সঙ্গে। লিমনের মরদেহ শুক্রবার ট্যাম্পার একটি সেতুর কাছে উদ্ধার করা হয়। এ ঘটনায় তার রুমমেট হিশাম আবুগারবিয়েহ-কে গ্রেপ্তার করা হয়েছে। ২৬ বছর বয়সী ওই সন্দেহভাজনের বিরুদ্ধে আগ্নেয়াস্ত্রসহ পূর্বপরিকল্পিত দ্বৈত হত্যার অভিযোগ আনা হয়েছে এবং তাকে জামিন ছাড়াই আটক রাখা হয়েছে।

রবিবার প্রকাশিত নতুন আদালতের নথিতে উঠে এসেছে গুরুত্বপূর্ণ তথ্য। সেখানে বলা হয়েছে, বৃষ্টি ও লিমনের নিখোঁজ হওয়ার আগের দিনগুলোতে সন্দেহভাজন ব্যক্তি অনলাইনে বিভিন্ন প্রশ্ন করেছিলেন যেমন, কোনো মৃতদেহ ব্যাগে ভরে ডাস্টবিনে ফেললে কী ২৩-এর পৃষ্ঠায় দেখুন









টাকা ছাপিয়ে ঋণ নিচ্ছে না বাংলাদেশ সরকার

প্রাক-বাজেট আলোচনায় জানালেন অর্থমন্ত্রী

পাঁচ ব্যাংক একীভূতকরণে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি, জানালেন গভর্নর

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশ সরকার নতুন করে টাকা ছাপিয়ে ঋণ নিচ্ছে না। এ সম্পর্কে যে খবর প্রকাশিত হয়েছে, তা মিথ্যা। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এমন মন্তব্য করেছেন। তিনি বলেছেন, সরকার ঋণের জন্য টাকা ছাপানো বা অভ্যন্তরীণ উৎস থেকে অতিরিক্ত ঋণের পথে যাবে না। গত শনিবার সচিবালয়ে সংবাদপত্রের সম্পাদক, টেলিভিশন চ্যানেলের সিইও এবং ইকোনমিক রিপোর্টার্স ফোরাফের (ইআরএফ) সদস্যদের সঙ্গে পৃথক প্রাক-বাজেট আলোচনায় তিনি এসব কথা বলেন।

গত বৃহস্পতিবার গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) মুখ্য অর্থনীতিবিদ আশিকুর রহমান এক সেমিনারে জানান, মার্চ মাসে বাংলাদেশ ব্যাংক থেকে সরকার ২০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। এটি হাইপাওয়ারড মানি বা ছাপানো টাকা, যার প্রভাবে মূল্যস্ফীতি বাড়তে পারে।

অর্থমন্ত্রী বলেন, ব্যাংক থেকে অতিরিক্ত ঋণ নেওয়া দীর্ঘ মেয়াদে অর্থনীতির জন্য ক্ষতিকর। সরকার এমন পথে যাবে না। তিনি বলেন, অতিরিক্ত মুদ্রা সরবরাহের কারণে মূল্যস্ফীতির চাপ এড়ানো এবং বেসরকারি খাতের ওপর চাপ না দেওয়া সরকারের নীতির মূল ভিত্তি। তিনি বলেন, 'পৃষ্ঠপোষকতামূলক রাজনীতির কারণে অর্থনীতি কিছু মানুষের হাতে কেন্দ্রীভূত হয়েছিল। বাংলাদেশ অর্থনীতি অলিগার্কদের হাতে চলে গিয়েছিল। এখন সরকার অর্থনীতির গণতন্ত্রীকরণে গুরুত্ব দিচ্ছ।'

বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাফুর রহমান বলেন, ২০ হাজার কোটি টাকা ছাপিয়ে সরকারকে ঋণ দেওয়ার খবর সত্য নয়। বাংলাদেশ ব্যাংকে উপায় উপকরণ অ্যাকাউন্টের সীমা ১২ হাজার কোটি টাকা। সরকারের দৈনন্দিন লেনদেনের কারণে এর স্থিতি বাড়ে-কমে। গত ১৭ ফেব্রুয়ারি বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের সময় ওই হিসাবে স্থিতি ছিল ১৭ হাজার ৫৯০ কোটি। বর্তমানে ১১ হাজার ১০৩ কোটি টাকা। এটি স্বাভাবিক লেনদেন এবং অস্থায়ী ওভারড্রাফট। তিনি আরও বলেন, এ ধরনের ভুল খবর দেশের ক্রেডিট রেটিং এবং বেসরকারি খাতের ব্যয় বাড়াতে পারে। তাই সংবাদ প্রকাশে সতর্কতা প্রয়োজন।

৭-এর পৃষ্ঠায় দেখুন

'গুপ্ত' ইস্যু: ছোট শব্দে বাংলাদেশে উত্তপ্ত রাজনীতি

বাংলা পত্রিকা ডেস্ক: ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর তুলনামূলক শান্ত থাকা বাংলাদেশে 'গুপ্ত' শব্দকে কেন্দ্র করে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হঠাৎ করেই উত্তপ্ত হয়ে উঠেছে। ক্ষমতাসীন দল বিএনপির ছাত্রসংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল এবং প্রধান বিরোধী দল জামায়াতে ইসলামীর ছাত্রসংগঠন ইসলামী ছাত্রশিবির মুখোমুখি অবস্থানে দাঁড়িয়েছে। এরই মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়েছে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা ও পাবনায়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, আপাত-দৃষ্টিতে 'গুপ্ত' শব্দকে কেন্দ্র করে বিরোধের প্রকাশ ঘটলেও এর পেছনে রয়েছে বহুমাত্রিক রাজনৈতিক হিসাব-নিকাশ। দুই সংগঠনের নেতা-কর্মী, শিক্ষক এবং রাজনৈতিক বিশ্লেষকদের সঙ্গে কথা বলে জানা যায়, জাতীয় রাজনীতির জটিল সমীকরণ, ক্যাম্পাসে আধিপত্য বিস্তার এবং আসন্ন ছাত্র সংসদ নির্বাচন – এই তিন কারণ 'শান্ত' ক্যাম্পাসকে 'অশান্ত' করে তুলেছে।

ঘটনার সূত্রপাত ২১ এপ্রিল চট্টগ্রাম সিটি কলেজে। প্রত্যক্ষদর্শীরা জানান, ক্যাম্পাসে ছাত্রশিবির একটি গ্রাফিতি আঁকে, যেখানে লেখা ছিল 'ছাত্ররাজনীতি ও ছাত্রলীগমুক্ত ক্যাম্পাস'। পরে অজ্ঞাত ব্যক্তিরা 'ছাত্ররাজনীতি' থেকে 'ছাত্র' শব্দটি মুছে দিয়ে তার ওপর 'গুপ্ত' শব্দ লিখে দেয়। এ ঘটনাকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে দুই দফায় সংঘর্ষ হয়। এ ঘটনায় অন্তত ২০ জন আহত হয়েছেন বলে দুই পক্ষই দাবি করেছে।

'গুপ্ত' ইস্যু

- ছাত্রদল ও ছাত্রশিবিরের মুখোমুখি অবস্থানের পেছনে ক্যাম্পাসের নিয়ন্ত্রণ।
- ছাত্র সংসদ নির্বাচনের আগে অবস্থান পোক্ত করতে চাইছে উভয় পক্ষ।
- ক্যাম্পাসের অস্থিরতায় জাতীয় রাজনীতির ছায়া দেখছেন বিশ্লেষকেরা।

শেখ হাসিনা সরকারের পতনের পর ছাত্রশিবিরের রাজনীতিতে যাঁরা প্রকাশ্যে এসেছেন, তাঁদের অনেকে আওয়ামী লীগ আমলে ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় ছিলেন– এমন অভিযোগ ঘিরেই 'গুপ্ত' শব্দটি আলোচনায় আসে। ছাত্রদলের অভিযোগ, পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতিতেও শিবিরের হল কমিটিসহ অন্যান্য কমিটিগুলো ঘোষণা করা হয়নি, যা গুপ্ত রাজনীতিরই বহিঃপ্রকাশ।

এর রেশ কাটতে না কাটতেই ২৩ এপ্রিল সামাজিক যোগাযোগমাধ্যমে প্রধানমন্ত্রী তারেক রহমানের মেয়ে জাইমা রহমানকে নিয়ে আপত্তিকর ফটোকার্ড ছড়ানোকে কেন্দ্র করে রাজধানীর শাহবাগ থানা এলাকায় আবারও সংঘর্ষে জড়ায় দুই পক্ষ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে হস্তক্ষেপ করতে হয়। সবশেষ গত শুক্রবার রংপুর মেডিকেল কলেজের আবাসিক হলে সিট বরাদ্দকে কেন্দ্র করে দুই ছাত্রসংগঠনের মধ্যে নতুন করে উত্তেজনা সৃষ্টি হয়। ছাত্রসংগঠনগুলোর অভিভাবক রাজনৈতিক দলের নেতারাও পরস্পর বিতর্কে জড়িয়ে পড়েছেন। শিক্ষাঙ্গনের অস্থিরতা ছড়িয়েছে রাজপথ ও সংসদেও।

রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, আপাতদৃষ্টিতে ছোট একটি শব্দকে কেন্দ্র করে শুরু হলেও বাস্তবে এটি বড় রাজনৈতিক দ্বন্দ্বের বহিঃপ্রকাশ। জাতীয় রাজনীতির প্রভাব, সংগঠনগত শক্তি প্রদর্শন এবং ভবিষ্যৎ ছাত্ররাজনীতির নিয়ন্ত্রণ– সব মিলিয়ে পরিস্থিতি আরও

১০-এর পৃষ্ঠায় দেখুন



নিউইয়র্ক সিটি ট্রানজিটে 'স্টেশন এজেন্ট' পদে পরীক্ষার ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটি-এর মেয়র অফিসসহ সিটি প্রশাসনের বিভিন্ন বিভাগে বাংলাদেশিদের চাকরির সুযোগ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এসব চাকরির জন্য নিয়মিত বিভিন্ন পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং যারা এসব পরীক্ষায় কৃতকার্য হন, তারা ভালো বেতনে চাকরির সুযোগ পাচ্ছেন।

সম্প্রতি নিউইয়র্ক সিটি ট্রানজিট বিভাগে স্টেশন এজেন্ট পদে নিয়োগের জন্য নতুন একটি পরীক্ষার ঘোষণা দেওয়া হয়েছে। এ পরীক্ষায় অংশ নিতে আগ্রহী বাংলাদেশিদের সহায়তার উদ্দেশ্যে ট্রানজিট বিভাগে কর্মরত কর্মকর্তারা ব্যক্তিগত উদ্যোগে একটি ফ্রি সেমিনারের আয়োজন করেন।

গত ১৭ এপ্রিল, শুক্রবার সন্ধ্যায় জ্যাকসন হাইটস-এর নবন্নো রেস্টুরেন্ট মিলনায়তনে অনুষ্ঠিত এ সেমিনারে শতাধিক বাংলাদেশি অংশগ্রহণ করেন। এতে আবেদন প্রক্রিয়া, পরীক্ষার প্রস্তুতি এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা বিষয়ে বিস্তারিত ধারণা দেওয়া হয়।

সেমিনারটি পরিচালনা করেন নিউইয়র্ক সিটি ট্রানজিটে কর্মরত বাংলাদেশি কর্মকর্তা ও কর্মচারীরা। তাদের মধ্যে ছিলেন তারেক আহমদ, আহনাফ আলম, মাহমুদা ফেরদৌস, তারিক জাহিরি, মোমিন হোসাইন, সোফাওয়ান চৌধুরী, ফাহিমা জাহান, আজাদ তালুকদার, রুকসানা বেগম, কৌশিক বিশ্বাস, বিধান পাল, সাইফ আজাদ, অসিম চন্দ এবং জুবায়ের আহমদ।

সেমিনার শেষে বক্তব্যে ট্রানজিট বিভাগের কর্মকর্তা জুবায়ের আহমদ জানান, বর্তমানে নিউইয়র্ক সিটি ট্রানজিটে কয়েক হাজার বাংলাদেশি ও বাংলাদেশি-আমেরিকান বিভিন্ন পদে সুনামের সঙ্গে কাজ করছেন। অনেকেই তদারকি পদসহ উচ্চ দায়িত্বে রয়েছেন। তিনি বলেন, "আমরা চাই আরও বেশি বাংলাদেশি এই খাতে যুক্ত হোক। সেই লক্ষ্যেই আমরা এ ধরনের ফ্রি সেমিনারের আয়োজন করেছি।"

তিনি আরও জানান, এমটিএতে কর্মরত বাংলাদেশিদের আলাদা কোনো সংগঠন না থাকলেও 'এমটিএ পরিবার' হিসেবে তারা প্রতিবছর বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেন। এর অংশ হিসেবে নিয়মিত চাকরি বিষয়ক সেমিনার আয়োজন করা হয় এবং অতীতের মতো এবারও এতে ব্যাপক সাড়া পাওয়া গেছে।

সংবাদ সম্মেলনে

মিশিগান বিএনপির কমিটি বিলুপ্তির দাবি

মিশিগান : মিশিগান বিএনপির বর্তমান কমিটিকে অবৈধ ও মেয়াদোত্তীর্ণ উল্লেখ করে কমিটি বিলুপ্ত ঘোষণা এবং নতুন কমিটি গঠনের দাবি জানিয়েছেন সংগঠনটির সাবেক সভাপতি, সাধারণ সম্পাদকসহ বিপুল সংখ্যক নেতাকর্মী।

২৫ এপ্রিল শনিবার স্থানীয় সময় দুপুরে মিশিগানের ওয়ারেন শহরের স্পাইসি-২১ রেস্টুরেন্টে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিএনপি নেতৃবৃন্দ ও কর্মী-সমর্থকরা এ দাবি জানান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সাবেক ছাত্রনেতা ও মিশিগান স্টেট বিএনপির সহ-সভাপতি হাবিবুর রহমান হাবিব।

মিশিগান স্টেট বিএনপির সাবেক সভাপতি মুজিব আহমদ মনির, মিশিগান বিএনপির সাবেক সভাপতি মোহাম্মদ হাশিদ এবং সাবেক সাধারণ সম্পাদক বকুল তালুকদার সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

লিখিত বক্তব্যে বলা হয়, বর্তমান কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক বিগত দেড় দশকেরও বেশি সময় ধরে কোনো ধরনের কাউন্সিল বা নির্বাচন ছাড়াই একই পদে বহাল রয়েছেন। তাদের বিরুদ্ধে নেতা-কর্মীদের অভিযোগের পাহাড় এখন ক্রমশ ক্ষোভে পরিণত হয়েছে।

এছাড়া ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে মিশিগান বিএনপির ভূমিকা ছিল হতাশাজনক ও প্রশ্নবিদ্ধ। নেতৃবৃন্দের অভিযোগ, একটি বিশেষ গোষ্ঠীর সঙ্গে গোপন সমঝোতার কারণে তারা প্রত্যাশিত ভূমিকা রাখতে পারেননি।

নেতৃবৃন্দ এ বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণের জন্য দলের চেয়ারপার্সন (ভারপ্রাপ্ত) তারেক রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ হাইকমান্ডের দৃষ্টি আকর্ষণ করেছেন।

সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে আনা অভিযোগের মধ্যে রয়েছে স্বেচ্ছাচারিতা, দলের গঠনতন্ত্র লঙ্ঘন, সংগঠনের স্বার্থবিরোধী কার্যকলাপ, দীর্ঘদিন ক্ষমতা কুক্ষিগত করে রাখা এবং নিজেদের ঘনিষ্ঠ কয়েকজন ছাড়া নেতাকর্মীদের না জানিয়ে ইচ্ছামতো সিদ্ধান্ত গ্রহণ।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, মিশিগানে হাজার হাজার প্রবাসী বিএনপি কর্মী-সমর্থক থাকা সত্ত্বেও ভোট সংগ্রহ ও প্রেরণে দায়িত্বশীলরা চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। দুই পৃষ্ঠার লিখিত বক্তব্যে আরও বলা হয়, "আমরা দৃঢ় সংকল্পবদ্ধ– আমাদের প্রিয় সংগঠন বিএনপিকে রক্ষা করব।"

কোনো অশুভ শক্তি যাতে দলের ক্ষতি ও ভাবমূর্তি নষ্ট করতে না পারে, সে জন্য সকল নেতাকর্মীকে সজাগ ও সতর্ক থাকার আহ্বান জানানো হয়।

সংবাদ সম্মেলনে আরও বলা হয়, প্রায় দুই দশকেও নানা অজুহাতে কোনো কাউন্সিল ডাকা হয়নি। ২০২৩ সালের ৯ মে তারিখে ২ বছর মেয়াদে ৫ সদস্যবিশিষ্ট বর্তমান কমিটি গঠন করে ৯০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশনা থাকলেও তিন বছরেও সভাপতি ও সাধারণ সম্পাদক তা করতে ব্যর্থ হয়েছেন।

সংবাদ সম্মেলনে আরও অভিযোগ করা হয়, হ্যামট্রামিক সিটি কাউন্সিলে বেগম খালেদা জিয়ার নামে একটি সড়কের নামকরণের প্রস্তাব গৃহীত হলেও পরে আওয়ামী লীগ সমর্থিত কাউন্সিলরদের বিরোধিতার কারণে তা বাতিল হয়ে যায়। পরবর্তীতে সেই কাউন্সিলরদের বিএনপির ইফতার মাহফিলে বিশেষ অতিথি হিসেবে সম্মানিত করা হয়, যা সাধারণ নেতাকর্মীদের মধ্যে ব্যাপক হতাশা ও বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে। এ বিষয়টিকে নেতৃত্বের দুর্বলতা, অদূরদর্শিতা এবং নেতাকর্মীদের সঙ্গে পরামর্শ না করার ফল বলে উল্লেখ করা হয়।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মিশিগান বিএনপির সাবেক সহ-সভাপতি মামুনুর রেজা শাহেল, ছাত্রদল এমসি কলেজের সাবেক সাংগঠনিক সম্পাদক মারুফ হোসেন খান, মিশিগান স্টেট বিএনপির সাবেক সাংস্কৃতিক সম্পাদক বেলাল আহমদ, ফয়জুল ইসলাম, নাজমুল হক কামাল, রেদওয়ান আহমদ রাজন, নিজাম উদ্দিন মাস্টার, জিল্লুর রহমান জিল্লু, আব্দুল কাদির, এবাদুর রহমান এবাদ, ফরিদ আহমদ ফাহিম, পারভেজ আহমদ, আবুল হাসান, আব্দুল্লাহ আল মান্না, আব্দুস সামাদ মুন্না, তাজুল ইসলাম শিপলু, স্বেচ্ছাসেবক দল মিশিগানের সভাপতি আব্দুর রহমান ও সাধারণ সম্পাদক আবুল কাশেম মুর্শেদ, শাহ জুবেদ, আব্দুস সালাম, আহমেদুর রহমান শিপার, তানজিম আহমদ, হামান আহমদ এবং এমাদ উদ্দিন।

উল্লেখ্য, মিশিগান বিএনপির বর্তমান কমিটির সভাপতি দেওয়ান আকমল চৌধুরী এবং সাধারণ সম্পাদক সেলিম আহমদ। এছাড়া সাধারণ সম্পাদকের ঘনিষ্ঠ একটি গোষ্ঠী তুচ্ছ অজুহাত দেখিয়ে সংবাদ সম্মেলনে অনুপস্থিত থাকায় আয়োজকরা তাদের কঠোর সমালোচনা করেন। সংবাদ সম্মেলন সঞ্চালনা করেন বিএনপি নেতা আব্দুল বাসিত।-- প্রেস বিজ্ঞপ্তি

ড্রোন নিয়ে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের শিক্ষার্থীদের দল

ফারদীন-ই-হাসান ফুয়াদ : ড্রোনের নকশা করা নিয়েই প্রতিযোগিতা। নাম 'ডিজাইন বিল্ড ফ্লাই' (ডিবিএফ)। এ আয়োজনে বিশ্বে ৩৪তম হয়েছেন অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি বাংলাদেশের (এএইউবি) একদল শিক্ষার্থী। আমেরিকান ইনস্টিটিউট অব অ্যারোনটিকস অ্যান্ড অ্যাস্ট্রোনটিকস (এআইএএ) প্রতিবছর স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে এই প্রতিযোগিতার আয়োজন করে। এবারের প্রতিযোগিতায় বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৭৫টি দল অংশ নেয়।

এআইএএ কর্তৃপক্ষ প্রতিবছর প্রতিযোগীদের জন্য 'রুল বুক' প্রকাশ করে। এতে বিভিন্ন 'ক্রাইটেরিয়া' উল্লেখ থাকে। সে অনুযায়ী প্রতিযোগীদের প্রথমে নকশা করতে হয়। এটিই প্রতিযোগিতার প্রথম ধাপ। একে বলা হয় 'প্রোপোজাল ফেজ' বা 'প্রস্তাবনা পর্ব'। পরের ধাপে প্রতিযোগীরা তাঁদের নকশা অনুযায়ী ড্রোন নির্মাণ করেন। সর্বশেষ ধাপে নিজেদের তৈরি ড্রোন আকাশে ওড়াতে হয়, সম্পন্ন করতে হয় চারটি মিশন। নকশা, নির্মাণ ও উড্ডয়ন–তিন ধাপের স্কোর মিলিয়ে চূড়ান্ত ফলাফল তৈরি করা হয়।

এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে দুটি আনম্যানড এরিয়াল ভেহিকেল (ইউএভি) নিয়ে দলের ১১ জন চূড়ান্ত পর্বে অংশ নিতে যুক্তরাষ্ট্রে পা রাখেন। কানসাস অঙ্গরাজ্যের উইচিটায় ১৬ থেকে ১৯ এপ্রিল অনুষ্ঠিত হয় চূড়ান্ত ধাপের প্রতিযোগিতা। এই ধাপে চারটি মিশনের তিনটি সফলভাবে সম্পন্ন করে এয়ারবোর্ন ফিনিকস।

একটি কাপড়ের ব্যানার ওড়ানো ছিল চতুর্থ মিশন। কিন্তু এই মিশন সম্পন্ন করতে গিয়ে ব্যানারটি জড়িয়ে যায়। আক্ষেপ নিয়ে দলনেতা আজিজ বলছিলেন, 'আমরা বিশ্ববিদ্যালয়ে নতুনদের বরণ করতে "ওয়েলকাম ফ্রেশার্স" লিখে ব্যানার উড়িয়েছিলাম। কিন্তু প্রতিযোগিতায় ব্যানারটা জড়িয়ে গেল। এটা আমাদের দুর্ভাগ্য। আমরা শেষ মিশনটা ঠিকঠাক করতে পারলে সাত কিংবা আট নম্বরে থাকতে পারতাম।'



The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

ক্যাম্পাসে উত্তপ্ত রাজনীতি

ছাত্র সংগঠনগুলোর আরও দায়িত্বশীলতা কাম্য

৫ আগস্ট-পরবর্তী বাংলাদেশে সাধারণ শিক্ষার্থীদের প্রত্যাশা ছিল শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হবে মেধাচর্চা ও গণতান্ত্রিক মূল্যবোধ বিকাশের উর্বর ভূমি। দীর্ঘ দেড় দশকের লেজুড়বৃত্তি ও দখলদারির রাজনীতির অবসানের পর একটি সুস্থ ধারার ছাত্র রাজনীতি দেখার আকাঙ্ক্ষা ছিল সর্বজনীন। পরিতাপের বিষয়, সাম্প্রতিক সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ক্যাম্পাসে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবিরের মধ্যকার ক্রমবর্ধমান উত্তেজনা ও সংঘাত সেই প্রত্যাশায় চরম আঘাত হানছে। জ্বালানি সংকটের মতো জাতীয় ইস্যুতে যখন সরকার ও প্রধান বিরোধী দলগুলোর মধ্যে সমঝোতার সুর শোনা যাচ্ছে, ঠিক তখনই ছাত্রসংগঠনগুলোর এমন মুখোমুখি অবস্থান কেবল অনাকাঙ্ক্ষিতই নয়, উদ্বেগজনকও।

দেখা যাচ্ছে, ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম সিটি কলেজ ও ঈশ্বরদী সরকারি কলেজে সংঘটিত সাম্প্রতিক সহিংস ঘটনাগুলো মূলত আধিপত্য বিস্তার ও সামাজিক যোগাযোগমাধ্যমে উসকানিমূলক বক্তব্যকে কেন্দ্র করে আবর্তিত। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনায় জনৈক শিবির নেতার নামে ছড়িয়ে পড়া বিতর্কিত ফেসবুক পোস্টকে কেন্দ্র করে শাহবাগ থানায় গণমাধ্যমকর্মীদের ওপর হামলা এবং ডাকসু নেতাদের আহত হওয়ার ঘটনাটি ছাত্র রাজনীতির অসহিষ্ণু রূপটিই পুনরায় উন্মোচিত করেছে। যদিও সংশ্লিষ্ট শিক্ষার্থী ওই পোস্টটিকে 'ভুয়া' ও 'বিকৃত' দাবি করেছেন, তবুও প্রশ্ন থেকে যায়-একটি স্ক্রিনশট বা ব্যক্তিগত পোস্ট কেন কয়েক দশকের পুরোনো দুটি সংগঠনের কর্মীদের মধ্যে রণক্ষেত্র তৈরির রসদ জোগাবে? এটি স্পষ্টতই রাজনৈতিক পরিপক্বতার অভাব এবং তৃণমূল পর্যায়ে নেতৃত্বের নিয়ন্ত্রণের দুর্বলতাকেই নির্দেশ করে।

এখানে একটি বিষয় লক্ষণীয়, ছাত্রদল ও ছাত্রশিবিরের শীর্ষ নেতারা মুখে শান্তির কথা বলছেন এবং তদন্ত কমিটি গঠন করছেন। ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি সহনশীল রাজনৈতিক শিষ্টাচার বজায় রাখার যে নির্দেশ দিয়েছেন, তা ইতিবাচক। একইভাবে ছাত্রশিবিরের সভাপতির বক্তব্যে 'ছাত্রলীগ পুনর্বাসিত হওয়ার' যে শঙ্কার কথা উঠে এসেছে, তা কৌশলগত দিক থেকে তাৎপর্যপূর্ণ। কিন্তু মাঠপর্যায়ের বাস্তবতা বলছে ভিন্ন কথা। দেওয়ালে গ্রাফিতি মোছা বা সামাজিক যোগাযোগমাধ্যমের গুজব নিয়ে যারা ককটেল বিস্ফোরণ বা হামলায় লিপ্ত হচ্ছে, প্রশ্ন থেকে যায়-তারা কি প্রকৃতপক্ষে কোনো আদর্শিক লড়াই করছে; নাকি ক্যাম্পাসে পেশিশক্তির মহড়া দিচ্ছে?

এই অস্থিতিশীল পরিবেশের সুযোগ নিয়ে তৃতীয় পক্ষ বা ফ্যাসিবাদী শক্তির মাথাচাড়া দেওয়ার যে আশঙ্কা তৈরি হচ্ছে, তা দুই সংগঠনকেই অনুধাবন করতে হবে। একই সঙ্গে মনে রাখতে হবে, সাংবাদিকদের ওপর হামলা মুক্ত গণমাধ্যমের পরিপন্থি এবং এটি যে কোনো গণতান্ত্রিক আন্দোলনের অর্জনকে প্রশ্নবিদ্ধ করে। তদন্ত কমিটি গঠন কেবল লোকদেখানো আনুষ্ঠানিকতা যেন না হয়; সেজন্যে দোষীদের চিহ্নিত করে সাংগঠনিক ও আইনি ব্যবস্থার আওতায় আনা জরুরি। বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভূমিকা এখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন যে তদন্ত কমিটি গঠন করেছে, তাদের প্রভাবমুক্ত থেকে প্রকৃত সত্য উদ্ঘাটন করতে হবে। সব পক্ষকে গোপন ও সংঘাতের পথ পরিহার করে প্রকাশ্য গণতান্ত্রিক ধারায় ফিরতে হবে। ছাত্র রাজনীতি শিক্ষার্থীদের অধিকার আদায়ের পরিবর্তে দলীয় আধিপত্য রক্ষার হাতিয়ারে পরিণত হবে-এমনটি কোনোভাবেই কাম্য নয়। সুস্থ ও নিরাপদ ক্যাম্পাসের স্বার্থে রাজনৈতিক দলগুলোর নীতিনির্ধারকরাও এক্ষেত্রে কার্যকর উদ্যোগ নেবে, এটাই প্রত্যাশা।

সফলতার ২৮ বছরের
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

রেমিট্যান্স বাড়ানোর কার্যকর উপায়

ড. হাসান মাহমুদ



বাংলাদেশের অর্থনীতিতে রেমিট্যান্সের গুরুত্ব নতুন করে বলার অপেক্ষা রাখে না। বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী করা থেকে শুরু করে গ্রামীণ অর্থনীতিকে সচল রাখা-সব ক্ষেত্রেই প্রবাসী আয়ের ভূমিকা অপরিসীম। সাম্প্রতিক বছরগুলোতে সরকার অভিবাসন বাড়ানো এবং রেমিট্যান্স প্রবাহ আরও শক্তিশালী করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। তবে কার্যকর নীতিনির্ধারণের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় প্রায়ই উপেক্ষিত থেকে যায়-গন্তব্য দেশের নীতি ও কাঠামো কীভাবে অভিবাসীদের আয় ও রেমিট্যান্স আচরণকে প্রভাবিত করে।

আমার গবেষণা "Impact of the destination state on migrants' remittances" এক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দৃষ্টিভঙ্গি প্রদান করে। এখানে আমি দেখিয়েছি, রেমিট্যান্স কেবল অভিবাসীর ব্যক্তিগত সিদ্ধান্ত বা পারিবারিক দায়বদ্ধতার ফল নয়; বরং গন্তব্য দেশের আইন, শ্রমবাজার ও অভিবাসন নীতির মাধ্যমে এটি কাঠামোগতভাবে গঠিত হয়। এ উপলব্ধি বাংলাদেশের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ, কারণ এর মাধ্যমে বোঝা যায় কোন দেশে, কী ধরনের কাজের জন্য, কীভাবে মানুষ পাঠানো হচ্ছে। এসব সিদ্ধান্তই শেষ পর্যন্ত রেমিট্যান্সের পরিমাণ নির্ধারণ করে।

অভিবাসন কৌশলের পুনর্বিবেচনা : প্রথমত, আমাদের অভিবাসন কৌশল নিয়ে নতুনভাবে ভাবতে হবে। এতদিন আমরা মূলত কতজন মানুষ বিদেশে যাচ্ছে, সেটিকে সাফল্যের মাপকাঠি হিসাবে দেখেছি। কিন্তু আমার গবেষণা দেখায়, সব অভিবাসন সমান নয়। যুক্তরাষ্ট্রের মতো দেশে যারা স্থায়ীভাবে বসবাসের সুযোগ পায়, তারা সময়ের সঙ্গে সঙ্গে রেমিট্যান্স কম পাঠায়। কারণ তাদের পরিবারও ধীরে ধীরে সেই দেশে চলে যায় এবং তাদের আর্থিক দায়বদ্ধতা স্থানীয় হয়ে ওঠে। অন্যদিকে সংযুক্ত আরব আমিরাতের মতো দেশে অস্থায়ী শ্রমিকরা, যারা পরিবার নিয়ে যেতে পারে না এবং নির্দিষ্ট সময়ের পর দেশে ফিরে আসতে বাধ্য হয়, তারা তাদের আয়ের বড় অংশ দেশে পাঠায়। আবার জাপানের মতো দেশে, যেখানে অভিবাসীরা এক ধরনের অনিশ্চিত আইনি অবস্থানে থাকে, সেখানে তারা আরও বেশি ও দ্রুত রেমিট্যান্স পাঠাতে পারে। এ বাস্তবতা আমাদের একটি গুরুত্বপূর্ণ শিক্ষা দেয়-অভিবাসনের ধরন ও গন্তব্য দেশের নীতি অনুযায়ী রেমিট্যান্সের ধরন পরিবর্তিত হয়।

গন্তব্য দেশ নির্বাচনে কৌশলগত দৃষ্টিভঙ্গি : এ প্রেক্ষাপটে বাংলাদেশকে সম্ভাব্য গন্তব্য দেশ নির্বাচন করতে হবে অত্যন্ত কৌশলগতভাবে। এমন দেশগুলোকে অগ্রাধিকার দিতে হবে, যেখানে অভিবাসন মূলত অস্থায়ী, পরিবার নিয়ে যাওয়ার সুযোগ সীমিত এবং নির্দিষ্ট সময়ের পর দেশে ফিরে আসতে হয়। এ ধরনের নীতিমালা অভিবাসীদের তাদের আয়ের বড় অংশ দেশে পাঠাতে উৎসাহিত করে। জিসিসি দেশগুলো-যেমন সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব ও কাতার এ মডেলের একটি স্পষ্ট উদাহরণ। তবে শুধু এ অঞ্চলের ওপর নির্ভর করে থাকা ঝুঁকিপূর্ণ। তাই পূর্ব এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং ইউরোপের কিছু উদীয়মান শ্রমবাজারেও আমাদের নজর দিতে হবে, যেখানে একই ধরনের অস্থায়ী শ্রম অভিবাসন ব্যবস্থা রয়েছে। একইসঙ্গে এমন দেশ খুঁজে বের করতে হবে, যেখানে আয়ের সুযোগ বেশি; কিন্তু অবস্থান সীমিত। জাপানের ক্ষেত্রে যেমন দেখা যায়, অভিবাসীরা স্বল্প সময়ে উচ্চ আয় করতে পারে এবং সেই আয়ের বড় অংশ দেশে পাঠায়। তাই শুধু শ্রমের চাহিদা নয়, বরং মজুরি কাঠামো, আইনি সীমাবদ্ধতা এবং অবস্থানের সময়সীমা-এ তিনটি বিষয় একসঙ্গে বিবেচনা করে গন্তব্য দেশ নির্বাচন করতে হবে। এজন্য বাংলাদেশ সরকারের একটি প্রাতিষ্ঠানিক মূল্যায়ন কাঠামো গড়ে তোলা প্রয়োজন, যেখানে প্রতিটি দেশের অভিবাসন নীতি, শ্রমবাজারের সুযোগ এবং আইন প্রয়োগের বাস্তবতা বিশ্লেষণ করা হবে।

উপযুক্ত কাজ নির্বাচন ও শ্রমবাজার কৌশল : গন্তব্য দেশ নির্বাচনের পাশাপাশি কোন ধরনের কাজের জন্য শ্রমিক পাঠানো হচ্ছে, সেটিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার গবেষণায় দেখা গেছে, নিম্ন দক্ষতার শ্রমিকরা, বিশেষ করে যারা কঠিন ও অনিরাপদ পরিবেশে কাজ করে, তারা প্রায়ই তাদের আয়ের বড় অংশ দেশে পাঠায়, কারণ তাদের খরচ কম এবং পরিবারের ওপর নির্ভরতা বেশি। তবে এর অর্থ এই নয় যে, আমাদের শুধু নিম্ন দক্ষতার শ্রমিক পাঠানো উচিত। বরং এ খাতে বিদ্যমান সমস্যাগুলো-যেমন কম মজুরি, বেতন না পাওয়া, উচ্চ নিয়োগ খরচ-এসব দূর করতে হবে, যাতে শ্রমিকদের প্রকৃত আয় বাড়ে এবং তারা আরও বেশি রেমিট্যান্স পাঠাতে পারে। এর পাশাপাশি বাংলাদেশকে অবশ্যই দক্ষ ও আধা-দক্ষ শ্রমবাজারে প্রবেশ বাড়াতে হবে। নির্মাণ, স্বাস্থ্যসেবা, প্রযুক্তিগত কাজ এবং সেবা খাত-এসব ক্ষেত্রেই আন্তর্জাতিক বাজারে উচ্চ মজুরির সুযোগ রয়েছে। এ ধরনের কাজের ক্ষেত্রে যদিও রেমিট্যান্সের অনুপাত কিছুটা কম হতে পারে, তবে মোট আয়ের পরিমাণ বেশি হওয়ায় সামগ্রিক রেমিট্যান্স বৃদ্ধি পাবে। তাই একটি ভারসাম্যপূর্ণ কৌশল গ্রহণ করা জরুরি, যেখানে নিম্ন দক্ষতা ও উচ্চ দক্ষতা-দুই ধরনের শ্রম অভিবাসনই গুরুত্ব পাবে।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো, বিকল্প অভিবাসন পথ ব্যবহার করা। জাপানের উদাহরণ দেখায়, স্টুডেন্ট ভিসার মতো পথ ব্যবহার করে শ্রমবাজারে প্রবেশ করা সম্ভব। বাংলাদেশ যদি এ ধরনের 'সাইড ডোর' বা বিকল্প পথগুলো চিহ্নিত করতে পারে-যেমন স্টুডেন্ট-ওয়ার্কার প্রোগ্রাম, ইন্টার্নশিপ বা মৌসুমি কাজ-তাহলে নতুন শ্রমবাজারে প্রবেশের সুযোগ তৈরি হবে এবং রেমিট্যান্স বাড়বে।

প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়নের প্রয়োজনীয়তা : আমাদের বর্তমান প্রশিক্ষণ ব্যবস্থা অনেকাংশেই সাধারণ ও অপ্রাসঙ্গিক। এর পরিবর্তে গন্তব্য দেশের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ দিতে হবে। উদাহরণস্বরূপ, জাপানে যেতে হলে শুধু কারিগরি দক্ষতা নয়, ভাষা দক্ষতাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। একইভাবে মধ্যপ্রাচ্যে কাজ করতে গেলে নির্দিষ্ট ধরনের কাজের দক্ষতা এবং কর্মসংস্কৃতি সম্পর্কে ধারণা থাকা জরুরি। তাই ভাষা শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং আন্তর্জাতিক মানের সার্টিফিকেশন-এ তিনটি বিষয়কে একসঙ্গে বিবেচনা করতে হবে। এর পাশাপাশি প্রি-ডিপারচার প্রশিক্ষণের ওপর জোর দিতে হবে। অভিবাসীদের তাদের আইনি অধিকার, আর্থিক ব্যবস্থাপনা এবং সাংস্কৃতিক অভিযোজন সম্পর্কে সচেতন করা হলে তারা বিদেশে গিয়ে আরও দক্ষতার সঙ্গে কাজ করতে পারবে এবং রেমিট্যান্স ব্যবস্থাপনায়ও উন্নতি ঘটবে। গবেষণায় দেখেছি, যারা গন্তব্য দেশের নিয়ম-কানুন ভালোভাবে বোঝে, তারা তাদের আয় ও রেমিট্যান্স আরও কার্যকরভাবে পরিচালনা করতে পারে।

অভিবাসন ব্যয় ও প্রাতিষ্ঠানিক সংস্কার : অভিবাসন ব্যয় কমানোও একটি গুরুত্বপূর্ণ নীতি-লক্ষ্য হওয়া উচিত। বর্তমানে অনেক শ্রমিক উচ্চ সুদের ঋণ নিয়ে বিদেশে যায়, যা তাদের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করে। যদিও এ চাপ অনেক সময় বেশি রেমিট্যান্স পাঠাতে উৎসাহিত করে, তবে এটি দীর্ঘমেয়াদে ঝুঁকিপূর্ণ। তাই দালাল নিয়ন্ত্রণ, স্বল্প সুদের ঋণ প্রদান এবং সরকারিভাবে শ্রমিক পাঠানোর ব্যবস্থা জোরদার করা জরুরি। প্রাতিষ্ঠানিক সহায়তার ক্ষেত্রেও বাংলাদেশকে আরও সক্রিয় হতে হবে। গন্তব্য দেশের সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে শ্রমিকদের অধিকার নিশ্চিত করা, কাজের সুযোগ বাড়ানো এবং নিরাপদ অভিবাসন নিশ্চিত করা সম্ভব। একইসঙ্গে রেমিট্যান্স পাঠানোর জন্য ব্যাংকিং ও ডিজিটাল অবকাঠামো উন্নত করতে হবে, যাতে খরচ কমে এবং আনুষ্ঠানিক চ্যানেলের ব্যবহার বাড়ে। আমি এ উদ্ধৃত গবেষণায় দেখেছি, অনেক ক্ষেত্রে অভিবাসীরা দ্রুত অর্থ পাঠানোর জন্য অনানুষ্ঠানিক পদ্ধতি ব্যবহার করে। এটি কমাতে হলে আনুষ্ঠানিক ব্যবস্থাকে আরও সহজ ও সাশ্রয়ী করতে হবে।

রেমিট্যান্সের কার্যকর ব্যবহার ও প্রত্যাবর্তন ব্যবস্থাপনা : রেমিট্যান্সের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে বিনিয়োগে উৎসাহ দেওয়াও জরুরি। ক্ষুদ্র ব্যবসা, কৃষি উন্নয়ন এবং উদ্যোক্তা কার্যক্রমে রেমিট্যান্স বিনিয়োগের সুযোগ তৈরি করা গেলে এটি দীর্ঘমেয়াদে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখবে। একইভাবে যারা বিদেশ থেকে ফিরে আসে, তাদের পুনর্বাসনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারণ অস্থায়ী অভিবাসন ব্যবস্থায় ফিরে আসা অবশ্যম্ভাবী। এ শ্রমিকদের অর্জিত দক্ষতা যদি দেশের অর্থনীতিতে ব্যবহার করা যায়, তাহলে তা একটি অতিরিক্ত লাভ হিসাবে কাজ করবে।

স্থায়ী ও অস্থায়ী অভিবাসনের ভারসাম্য : বাংলাদেশকে স্থায়ী ও অস্থায়ী অভিবাসনের মধ্যে একটি ভারসাম্য বজায় রাখতে হবে। অস্থায়ী অভিবাসন বেশি রেমিট্যান্স এনে দেয়; কিন্তু স্থায়ী অভিবাসন দীর্ঘমেয়াদে বিনিয়োগ, জ্ঞান স্থানান্তর এবং প্রবাসী নেটওয়ার্ক গড়ে তুলতে সাহায্য করে। তাই এ দুই ধরনের অভিবাসনকে একসঙ্গে বিবেচনা করেই একটি সমন্বিত নীতি গ্রহণ করতে হবে।

সংখ্যার চেয়ে কৌশল গুরুত্বপূর্ণ : সার্বিকভাবে বলা যায়, বাংলাদেশ যদি গন্তব্য দেশের নীতিকে গভীরভাবে বিশ্লেষণ করে এবং তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ অভিবাসন কৌশল গ্রহণ করে, তাহলে রেমিট্যান্স প্রবাহ উল্লেখযোগ্যভাবে বাড়ানো সম্ভব। আমার উদ্ধৃত গবেষণাটি স্পষ্টভাবে দেখায়, রেমিট্যান্স কোনো স্বতঃস্ফূর্ত ঘটনা নয়; বরং এটি একটি কাঠামোগত ফলাফল, যা রাষ্ট্রের নীতির মাধ্যমে গঠিত হয়। তাই এখন সময় এসেছে-সংখ্যার দিকে না তাকিয়ে কৌশলের দিকে মনোযোগ দেওয়ার। শুধু বেশি মানুষ বিদেশে পাঠানো নয়, বরং সঠিক দেশে, সঠিক কাজের জন্য, সঠিক প্রশিক্ষণ দিয়ে মানুষ পাঠানোই হবে বাংলাদেশের রেমিট্যান্স বৃদ্ধির টেকসই পথ।

ড. হাসান মাহমুদ : সহযোগী অধ্যাপক, নর্থ ওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয়, কাতার

বাংলাদেশে হাম এখন 'উচ্চ ঝুঁকিপূর্ণ' রোগ

বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিবেদন

এক মাসের তথ্য বিশ্লেষণ
(১৫ মার্চ-১৪ এপ্রিল)

সন্দেহভাজন রোগী	১৯,১৬১
নিশ্চিত রোগী	২,৮৯৭
উপসর্গ নিয়ে মৃত্যু	১৬৬
নিশ্চিত হামে মৃত্যু	৩০
মৃত্যুহার	১.১%


আক্রান্তের বেশির ভাগ শিশু

- রোগী শনাক্ত জেলা ৯১% (৫৮টি)
- পাঁচ বছরের কম বয়সী শিশু ৭৯%
- দুই বছরের কম বয়সী ৬৬%
- ৯ মাসের কম বয়সী ৩৩%

ঢাকার ডেমরা, যাত্রাবাড়ী, কামরাঙ্গীরচর, কড়াইল, মিরপুর, তেজগাঁও শিল্পাঞ্চল ও বস্তি এলাকায় রোগী বেশি



বিভাগভিত্তিক সন্দেহভাজন রোগী



সূত্র : বিশ্ব স্বাস্থ্য সংস্থা

বাংলা পত্রিকা ডেস্কঃ বাংলাদেশের ৬৪ জেলার মধ্যে ৫৮টিতেই ছড়িয়ে পড়েছে হামের সংক্রমণ। এই রোগ এখন দেশজুড়ে ব্যাপকভাবে বিস্তৃত। এ নিয়ে আতঙ্কে রয়েছে সাধারণ মানুষ। এরই মধ্যে মারা গেছে ২৪০ জন, যাদের সবাই শিশু। বর্তমান পরিস্থিতিকে জাতীয় পর্যায়ে উচ্চ ঝুঁকিপূর্ণ হিসেবে মূল্যায়ন করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। টিকার ঘাটতি ও পুষ্টিহীনতাকে দায়ী করছে এই সংস্থাটি। বৃহস্পতিবার ডব্লিউএইচওর প্রকাশিত প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। এর আগে গত ১৮ মার্চ বাংলাদেশের হাম পরিস্থিতি নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার জেনেভা কার্যালয়কে অবহিত করে ঢাকা কার্যালয়। তারপর এমন উদ্বেগজনক তথ্য জানালো তারা।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলছে, এক সময় হাম নির্মূলে উল্লেখযোগ্য অগ্রগতি করেছিল বাংলাদেশ। হামপ্রতিরোধী টিকাদান ধারাবাহিকভাবে বেড়ে উচ্চ পর্যায়ে পৌঁছেছিল এবং রোগীর সংখ্যা কমে এসেছিল দ্রুত গতিতে। ২০০০ সালে হামপ্রতিরোধী টিকার প্রথম ডোজের কভারেজ ছিল ৮৯ শতাংশ। ২০১৬ সালে তা বেড়ে হয় ১১৮ শতাংশ। দ্বিতীয় ডোজ দেশব্যাপী চালুর পর ২০১২ সালে কভারেজ ছিল ১২২ শতাংশ। ২০২৪ সালে ছিল ১২১ শতাংশ। এই সময়ে পরীক্ষাগারে নিশ্চিত হাম রোগীর হার দ্রুত কমে আসে। কিন্তু ২০২৪-২৫ সালে এমআর টিকার ঘাটতি, নিয়মিত টিকাদানের ফাঁক এবং দীর্ঘদিন সম্পূরক টিকাদান কর্মসূচি না থাকার কারণে সেই অগ্রগতি এখন হুমকির মুখে। এ ছাড়া পুষ্টিহীনতার ফলে সংক্রমণের ঝুঁকিতে থাকা শিশুর সংখ্যা বেড়ে গিয়ে বর্তমান প্রাদুর্ভাব তৈরি হয়েছে।

বিশেষজ্ঞরা বলছেন, বর্তমান প্রাদুর্ভাবের পেছনে বড় কারণ টিকাদানে ঘাটতি। অনেক শিশু একেবারেই টিকা পায়নি, আবার কেউ পেয়েছে মাত্র এক ডোজ। এমনকি কিছু শিশু টিকা নেওয়ার বয়স হওয়ার আগেই আক্রান্ত হচ্ছে। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো এক থেকে ১৪ বছর বয়সী শিশুদের মধ্যেও বড় ধরনের রোগ প্রতিরোধ ঘাটতির ইঙ্গিত পাওয়া যাচ্ছে। ২০২৬ সালের ৪ এপ্রিল বাংলাদেশের জাতীয় আন্তর্জাতিক স্বাস্থ্যবিধি বা আইএইচআর ফোকাল পয়েন্ট বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে জানায়, দেশে হাম রোগীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। এই বৃদ্ধি হয়েছে দেশের ভেতরে চলমান সংক্রমণের কারণে। জানুয়ারি থেকেই বাংলাদেশে হাম রোগীর সংখ্যা স্পষ্টভাবে বাড়তে দেখা যাচ্ছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার নতুন মূল্যায়নের পর সংস্থাটির সাবেক পরামর্শক ও জনস্বাস্থ্যবিদ ডা. মুশতাক হোসেন বলেন, জানুয়ারি থেকেই দেশে হামের সংক্রমণ বাড়তে শুরু করে এবং তা এখন উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে। পরিস্থিতি বিবেচনায় হামকে জরুরি স্বাস্থ্য সমস্যা হিসেবে ঘোষণা করা এবং দ্রুত টিকাদান ৭-এর পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশে আবার সক্রিয় উগ্রবাদ!

পুলিশের চিঠি নিয়ে তোলপাড়

- গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থাপনায় নিরাপত্তা জোরদার
- কলকাঠি নড়ছে তুরস্ক থেকে

বাংলা পত্রিকা ডেস্কঃ বাংলাদেশে হঠাৎ করেই উগ্রবাদী তৎপরতা নিয়ে পুলিশের চিঠিতে নড়েচড়ে বসেছে সরকারের হাইকমান্ড। পুলিশ সদর দপ্তর থেকে ওই বিশেষ চিঠি পুলিশের সবকটি ইউনিটিতে পাঠানো হয়েছে। চিঠি পেয়ে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনায় কঠোর নিরাপত্তাবলয় গড়ে তোলা হয়েছে। উগ্রবাদী সংগঠনগুলো মাথা চাড়া দিয়ে ওঠার চেষ্টা করছে বলে একটি গোয়েন্দা সংস্থার গোপন নোটেও এ তথ্য জানানো হয়েছে। এক্ষেত্রে তুরস্ক থেকে এক ব্যক্তি কলকাঠি নাড়ছেন।

একটি উগ্রবাদী সংগঠনের সক্রিয় সদস্য ইসতিয়াক আহম্মেদ সামী ওরফে আবু বক্কর ওরফে আবু মোহাম্মদ নামে এক সদস্যকে গ্রেপ্তারের পর তার কাছ থেকে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায়। এরই আলোকে পুলিশ চিঠি দিয়ে সতর্ক করেছে সবকটি ইউনিটকে।

এদিকে ছাত্র-জনতার আন্দোলনের সময় দেশের বিভিন্ন কারাগার থেকে উগ্রবাদী সংগঠনের সদস্যরা পালিয়ে গেলেও তাদের আইনের আওতায় আনতে পারেনি আইনশৃঙ্খলা বাহিনী। এ নিয়ে পুলিশ আছে দুশ্চিন্তায়। তাদের অবস্থান চিহ্নিত করে গ্রেপ্তার করতে পুলিশের সবকটি ইউনিটকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে।

আওয়ামী লীগ সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকারের আমলে জঙ্গি বা উগ্রবাদী সংগঠন নেই বলে সাফ জানিয়ে দেওয়া হয়। তবে মাঝেমধ্যে পুলিশের শীর্ষ কর্তারা উগ্রবাদীদের সক্রিয় থাকার বিষয়টি উড়িয়েও দেননি। ওই সময়কার ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী 'দেশে জঙ্গি নেই' বলে মন্তব্য করে আলোচিত হন। এমনকি 'আওয়ামী লীগের সময় জঙ্গি নাটক সাজিয়ে ছেলেপেলেদের মারধর করেছে, কীসের জঙ্গি' এমন মন্তব্যও তখন তিনি করেছিলেন।

সার্বিক বিষয়ে জানতে চাইলে নিরাপত্তা বিশ্লেষক ও বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস অ্যান্ড সিকিউরিটি স্টাডিজের সভাপতি মেজর জেনারেল (অব.) আ ন ম মুনীরুজ্জামান বলেন, 'দেশে উগ্রবাদী সংগঠনের তৎপরতা চলে আসছিল। কিন্তু সেটা দৃশ্যমান ছিল না। এখন সুনির্দিষ্ট কোনো তথ্য পাওয়ার কারণেই সরকার এ সতর্কতা জারি করেছে। কোনো তথ্য থাকলে জননিরাপত্তার জন্য বিষয়টি সম্পর্কে সরকারের পক্ষ থেকে সচেতনার জন্য করা হয়ে থাকে। এসব বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থানে থাকবে বলে তিনি আশা করেন।'

পুলিশ সদর দপ্তরের ডিআইজি (অপারেশন) রেজাউল করিম বলেন, 'দেশের নিরাপত্তার স্বার্থে আমরা বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছি। উগ্রবাদ বা সন্ত্রাসের বিরুদ্ধে পুলিশ সবসময় সতর্ক থাকে। রাষ্ট্রের গুরুত্বপূর্ণ স্থাপনাসহ সব স্থানে নিরাপত্তাবলয় গড়ে তোলা হয়েছে। তবে আতঙ্কিত হওয়ার কিছু নেই।' ৬-এর পৃষ্ঠায় দেখুন

স্বপ্নের সমাধি ঘাতকের নির্মমতায়

প্রথম পৃষ্ঠার পর আশঙ্কা, হত্যার পর মরদেহটি সম্ভবত ছিন্নবিচ্ছিন্ন বা টুকরো টুকরো করে ফেলা হয়েছে, যার ফলে এটি খুঁজে পাওয়া অত্যন্ত কঠিন।

সিএনএন,সিবিএস নিউজ, প্রথম আলোসহ একাধিক গণমাধ্যমের তথ্যমতে, গত ১৬ এপ্রিল সকাল। সাধারণ দিনের মতোই শুরু হয়েছিল তাদের দিন। সকাল ৯টার দিকে নিজের বাসা থেকে সর্বশেষ দেখা যায় জামিল লিমনকে। প্রায় এক ঘণ্টা পর, সকাল ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের ন্যাচারাল অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস ভবনে দেখা যায় নাহিদা বৃষ্টিকে। এরপরই যেন সবকিছু বদলে যায়। দিনশেষে কেউ আর তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেনি। ফোন নীরব, বার্তা অজানা। উদ্বেগ ধীরে ধীরে ছড়িয়ে পড়ে পরিবার, বন্ধু আর সহপাঠীদের মাঝে।

১৭ এপ্রিল বিকেলে এক পারিবারিক বন্ধু বিষয়টি পুলিশের নজরে আনেন। শুরু হয় আনুষ্ঠানিক অনুসন্ধান। নিখোঁজ ডায়েরি, ডেটাবেজে নাম অন্তর্ভুক্তি, চারদিকে খোঁজ সবকিছুই চলছিল একটিই আশায়, হয়তো তারা কোথাও নিরাপদে আছেন। কিন্তু দিন যত গড়িয়েছে, আশার জায়গা ততই সংকুচিত হয়েছে।

অবশেষে শুক্রবার সকালে আসে সেই খবর, যা কেউ শুনতে চায়নি। ট্যাম্পার হাওয়ার্ড ফ্র্যাঙ্কল্যান্ড ব্রিজ এলাকা থেকে উদ্ধার করা হয় জামিল লিমনের মরদেহ। তদন্তকারীরা জানান, তাকে একাধিক ধারালো অস্ত্রের আঘাতে হত্যা করা হয়েছে। ঘটনাটি যে কেবল একটি অপরাধ নয়, বরং গভীরভাবে পরিকল্পিত ও নৃশংস তা স্পষ্ট হয়ে ওঠে তদন্তের প্রাথমিক পর্যায়েই।

একই সময়ে আরও ভয়ংকর আশঙ্কা তৈরি হয় নাহিদা বৃষ্টিকে ঘিরে। তিনি এখনো নিখোঁজ, তবে তদন্তকারীরা ধারণা করছেন, তিনিও নিহত হয়েছেন। লিমনের অ্যাপার্টমেন্টে পাওয়া বিপুল পরিমাণ রক্তের আলামত সেই সন্দেহকে আরও জোরালো করেছে। আইনশৃঙ্খলা বাহিনীর ডুবুরি দল ব্রিজের আশপাশের পানিতে তল্লাশি চালাচ্ছে, কিন্তু এখনো পর্যন্ত তার কোনো খোঁজ মেলেনি। পরিবারের কাছে এই অপেক্ষা যেন এক অসহনীয় যন্ত্রণা– আশা আর আশঙ্কার মাঝখানে আটকে থাকা এক দীর্ঘ প্রতীক্ষা।

এই ঘটনার কেন্দ্রে উঠে এসেছে এক চেনা মুখ লিমনের রুমমেট হিশাম সালেহ আবুঘারবিয়েহ। ২৬ বছর বয়সী এই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে এবং তার বিরুদ্ধে দুইটি প্রথম-ডিগ্রি পরিকল্পিত হত্যার অভিযোগ আনা হয়েছে। এর আগে তাকে বিভিন্ন অভিযোগে আটক করা হলেও পরে সেগুলো প্রত্যাহার করা হয়েছিল। তদন্তকারীরা বলছেন, একটি পারিবারিক সহিংসতার কলের সূত্র ধরেই তার বাড়িতে পৌঁছায় পুলিশ। সেখানে গিয়ে তাকে আত্মসমর্পণের নির্দেশ দেওয়া হলে তিনি প্রথমে অস্বীকৃতি জানান। পরে সোয়াট টিম মোতায়েন করা হলে তিনি আত্মসমর্পণ করেন।

আদালতের নথি ও তদন্তের তথ্য অনুযায়ী, লিমনের সঙ্গে তার সরাসরি সংযোগ এবং ঘটনাস্থলের আলামত মিলিয়ে তাকে এই হত্যাকাণ্ডের প্রধান সন্দেহভাজন হিসেবে চিহ্নিত করা হয়েছে। কী কারণে এই নৃশংসতা– তা এখনো পুরোপুরি স্পষ্ট নয়। তবে ঘটনাটি যে পরিকল্পিত এবং হঠাৎ উত্তেজনার ফল নয়, সেই ইঙ্গিত মিলছে বিভিন্ন তথ্য থেকে।

জামিল লিমন ছিলেন এক স্বপ্নবান তরুণ গবেষক। পরিবেশ, ভূগোল ও নীতি বিষয়ক গবেষণায় তার আগ্রহ ছিল গভীর। দক্ষিণ ফ্লোরিডার জলাভূমি পরিবর্তন পর্যবেক্ষণে জেনারেটিভ এআই ব্যবহারের ওপর তিনি কাজ করছিলেন। তার লক্ষ্য ছিল স্পষ্ট পিএইচডি শেষ করে দেশে ফিরে বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করা। পরিবারের কাছে তিনি ছিলেন বিনয়ী, শান্ত আর সবসময় হাসিখুশি একজন মানুষ।

অন্যদিকে নাহিদা সুলতানা বৃষ্টি ছিলেন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের একজন মেধাবী শিক্ষার্থী। বাংলাদেশে অসাধারণ একাডেমিক ফলাফল অর্জনের পর তিনি যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা নিতে যান। শিক্ষক ও সহপাঠীদের কাছে তিনি ছিলেন প্রাণবন্ত, আন্তরিক এবং প্রতিভাবান। নতুন কিছু শেখার প্রতি তার আগ্রহ এবং গবেষণার প্রতি নিষ্ঠা তাকে আলাদা করে চিনিয়ে দিত।

তাদের সম্পর্কের গল্পটিও কম স্পর্শকাতর নয়। প্রথমে বন্ধুত্ব, তারপর ধীরে ধীরে গড়ে ওঠা গভীর অনুভূতি। পরিবারের সদস্যরা জানিয়েছেন, তারা একসময় সম্পর্কে ছিলেন এবং ভবিষ্যৎ নিয়ে ভাবনাও করছিলেন। এমনকি বিয়ের বিষয়েও আলোচনা হয়েছিল। ব্যক্তিগত জীবন আর পেশাগত স্বপ্ন দুটোকেই সমানভাবে এগিয়ে নিতে চেয়েছিলেন তারা। কিন্তু সেই সব পরিকল্পনা এখন শুধুই স্মৃতি।

এই ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে দুই পরিবারে, দুই মহাদেশে। বাংলাদেশে স্বজনদের আহাজারি, যুক্তরাষ্ট্রে বন্ধুদের নিস্তব্ধতা– সব মিলিয়ে এক গভীর বেদনার পরিবেশ। কেউ বিশ্বাস করতে পারছে না, এত প্রাণবন্ত, এত সম্ভাবনাময় দুই মানুষ এভাবে হারিয়ে যেতে পারে।

বৃষ্টির পরিবারের দাবি, স্থানীয় আইনশৃঙ্খলা বাহিনী তাদের মৃত্যুর বিষয়টি জানিয়েছে, যদিও আনুষ্ঠানিকভাবে এখনো তার মরদেহ উদ্ধার বা মৃত্যুর নিশ্চয়তা দেওয়া হয়নি। এই অনিশ্চয়তা পরিবারের যন্ত্রণা আরও বাড়িয়ে দিয়েছে। তারা দ্রুত সত্য উদঘাটন এবং ন্যায়বিচারের দাবি জানিয়েছেন।

দুই পরিবারের পক্ষ থেকে গণমাধ্যমে দেয়া বক্তব্যে অভিযুক্তের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার আহ্বান জানানো হয়েছে। একই সঙ্গে তারা চেয়েছেন, মরদেহগুলো ইসলামিক রীতি অনুযায়ী দাফন করা হোক এবং তাদের ব্যক্তিগত সামগ্রী যথাযথভাবে পরিবারের কাছে ফিরিয়ে দেওয়া হোক। এছাড়া বিশ্ববিদ্যালয়ের কাছে একটি স্মৃতিস্তম্ভ নির্মাণের দাবি জানানো হয়েছে, যাতে ভবিষ্যৎ প্রজন্ম এই ঘটনা থেকে শিক্ষা নিতে পারে এবং তাদের স্মৃতি সম্মানের সঙ্গে সংরক্ষিত থাকে।

নাগরিকত্ব বাতিলের টার্গেটে ৩৮৪ জন আমেরিকান

প্রথম পৃষ্ঠার পর সরকার প্রায় ১২০ জনের নাগরিকত্ব বাতিলের চেষ্টা করেছে যুক্তরাষ্ট্র । এর আগে ১৯৯০ থেকে ২০১৭ সাল পর্যন্ত মোট ৩০৫টি মামলা দায়ের হয়েছিল, যা গড়ে বছরে প্রায় ১১টি। আর প্রেসিডেন্ট ট্রাম্পের ২য় মেয়াদের দেড় বছরেই একাধিক ব্যক্তির নাগরিকত্ব বাতিল ও বাতিলের তালিকা এটিই যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্বোচ্চ।

তবে প্রশ্ন থেকেই যাচ্ছে। কেন এই ৩৮৪ জনকে বাছাই করা হয়েছে? প্রশাসন এ বিষয়ে এখনো নির্দিষ্ট করে কিছু জানায়নি।

এদিকে ২০১৭ সালের এক প্রতিবেদনে দেখা যায়, ৮০০-এর বেশি ব্যক্তি ভিন্ন নামে বহিষ্কৃত হওয়ার পরও নাগরিকত্ব পেয়েছিলেন। ২০২৪ সালে ৮ লাখ ১৮ হাজারের বেশি অভিবাসী যুক্তরাষ্ট্রে নাগরিকত্ব লাভ করেন।

ডিওজের মুখপাত্র ম্যাথিউ ট্র্যাগেসার বলেছেন, ইতিহাসে সর্বোচ্চ সংখ্যক ডিন্যাচারালাইজেশন রেফারেল নিয়ে কাজ করছে তাদের বিভাগ।

যুক্তরাষ্ট্রের আইনে, যদি কেউ প্রতারণা, মিথ্যা তথ্য, ভুয়া বিয়ে, বা গুরুত্বপূর্ণ তথ্য গোপন করে নাগরিকত্ব নিয়ে থাকে, তাহলে আদালতের মাধ্যমে সেই নাগরিকত্ব বাতিল করা যায়। গুরুতর অপরাধের ক্ষেত্রেও একই ব্যবস্থা নেওয়া হয়। তবে এই ধরনের মামলা প্রমাণ করা সহজ নয় ফেডারেল আদালতে শক্ত প্রমাণ উপস্থাপন করতে হয়।

এতদিন এসব মামলা পরিচালনা করত বিচার বিভাগের অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞ ইউনিট। কিন্তু এখন নিয়মিত প্রসিকিউটরদের যুক্ত করার ফলে মামলার সংখ্যা দ্রুত বাড়তে পারে বলে মনে করা হচ্ছে।

সাম্প্রতিক নির্দেশনায় ডিপার্টমেন্ট হোমল্যান্ড সিকিউরিটি থেকে প্রতি মাসে ২০০টির বেশি মামলা ডিপার্টমেন্ট অব জাস্টিসে পাঠানোর কথাও বলা হয়েছে। একই সুরে হোয়াইট হাউসের মুখপাত্র অ্যাবিগেইল জ্যাকসনও জানিয়েছেন– প্রতারণার মাধ্যমে নাগরিকত্ব নিলে তার জবাবদিহি করতেই হবে। তবে সমালোচনারও কমতি নেই। অনেকের মতে, এই উদ্যোগ প্রাকৃতিকীকৃত নাগরিকদের মধ্যে ভয় তৈরি করতে পারে।

ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ের আইন অধ্যাপক আমান্ডা ফ্রস্ট সতর্ক করে বলেছেন, এর ফলে এমন বার্তা যেতে পারে যে, জন্মসূত্রে নাগরিকদের মতো সমান নিরাপত্তা তারা পান না।

ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতিতে শুধু অনথিভুক্ত অভিবাসীরাই নয়। এর প্রভাবে বৈধ অভিবাসীরাও পড়তে পারেন বিপাকে।

ইরান চাইলে আমাদের ফোন করতে পারে: ট্রাম্প

প্রথম পৃষ্ঠার পর কাছে আসতে পারে, অথবা আমাদের ফোন করতে পারে। আপনারা জানেন, টেলিফোন আছে। আমাদের চমৎকার, সুরক্ষিত লাইন রয়েছে।"

শনিবার ট্রাম্প তার দূত স্টিভ উইটকফ এবং জ্যারেড কুশনারের পাকিস্তান সফর বাতিল করেন, যা শান্তির সম্ভাবনার ক্ষেত্রে একটি নতুন ধাক্কা। এর আগে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি শুধুমাত্র পাকিস্তানি কর্মকর্তাদের সাথে কথা বলার পর ইসলামাবাদ ত্যাগ করেন।

বাংলাদেশে আবার সক্রিয় উগ্রবাদ!

৫-এর পৃষ্ঠার পর

ডিএমপির কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমের (সিটিটিসি) যুগ্ম পুলিশ কমিশনার মুনশী শাহাবুদ্দীন বলেন, 'আমরা উগ্রবাদের বিষয়ে তথ্য পেয়েছি এবং তা নিয়ে কাজ করছি। আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই।' হামলার পরিকল্পনাকারীদের শনাক্ত করা গেছে কিনা এমন প্রশ্নে তিনি বলেন, 'এটা নিয়ে আমরা কাজ করছি; সুতরাং আমার মনে হয় এখন মন্তব্য করার সময় আসেনি।'

সম্প্রতি উগ্রবাদী সংগঠনের সক্রিয় সদস্য ইসতিয়াক আহম্মেদ সামী ওরফে আবু বক্কর ওরফে আবু মোহাম্মদ নামের একজনকে গ্রেপ্তার করে পুলিশের একটি বিশেষ ইউনিট। জিজ্ঞাসাবাদে তার কাছ থেকে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায়। বিশেষ করে উগ্রবাদী সংগঠনের সদস্যরা এখনো সক্রিয় আছে এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলো তাদের নিশানায় রয়েছে। পাশাপাশি এতে পতিত আওয়ামী লীগের কতিপয় নেতার ইন্ধন আছে বলেও তথ্য পেয়েছে তদন্তকারী সংস্থাগুলো। তথ্যগুলো পুলিশ সদর দপ্তরের শীর্ষ কর্তাদের ও সরকারের হাইকমান্ডকে অবহিত করা হয়েছে। তথ্য পেয়ে পুলিশের শীর্ষ কর্তারা বিশেষ বৈঠকও করেছেন। এরই আলোকে গত ২৩ এপ্রিল পুলিশ সদর দপ্তরের গোপনীয় শাখা থেকে একটি চিঠি পাঠানো হয়। চিঠির কপি হাইওয়ে, এপিবিএন, ইন্ডাস্ট্রিয়াল, এটিইউ, পিবিআই, সিআইডিপ্রধান, র‍্যাব মহাপরিচালক, এসবিপ্রধান, পুলিশ স্টাফ কলেজের রেক্টর, নৌপুলিশের প্রধান, সারদা পুলিশ একাডেমির প্রিন্সিপাল, ডিএমপি কমিশনার, ট্যুরিস্ট পুলিশের প্রধান, সিএমপি, কেএমপি, বিএমপি, এসএমপি, আরএমপি, জিএমপি, আরপিএমপি কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি, ৬৪ জেলার পুলিশ সুপারসহ প্রতিটি ইউনিটিতে পাঠানো হয়।

চিঠিতে নিষিদ্ধ ঘোষিত একটি উগ্রবাদী সংগঠনের সদস্যরা জাতীয় সংসদ ভবনসহ দেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলা করতে পারে বলে সতর্ক করা হয়। সেখানে উগ্রবাদী সংগঠনের নাম নির্দিষ্ট করে বলা হয়নি, তবে ইসতিয়াক আহম্মেদ সামী ওরফে আবু বক্কর ওরফে আবু মোহাম্মদের গ্রেপ্তারের তথ্য দেওয়া হয়েছে। কবে, কোন ইউনিটের তরফে তাকে গ্রেপ্তার করা হয়েছে তাও সেখানে স্পষ্ট করা হয়নি।

চিঠিতে গ্রেপ্তার ইসতিয়াকের সঙ্গে চাকরিচ্যুত দুই সেনাসদস্যের নিয়মিত যোগাযোগের তথ্য পাওয়া গেছে বলে উল্লেখ করা হয়। তারা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনায় বোমা বিস্ফোরণ, দেশীয় ধারালো অস্ত্র কিংবা আগ্নেয়াস্ত্র দিয়ে হামলা করতে পারে বলে জানতে পেরেছে পুলিশ সদর দপ্তর। গুরুত্বপূর্ণ স্থাপনার মধ্যে জাতীয় সংসদ, বাংলাদেশ পুলিশ বা সেনাবাহিনীর স্থাপনা ও তাদের সদস্য, ধর্মীয় উপাসনালয়, বিনোদনকেন্দ্র, শাহবাগ চত্বরের মতো জায়গা রয়েছে। সন্ত্রাসীদের বিভিন্ন বাহিনীর অস্ত্রাগারে হামলার পরিকল্পনাও করে থাকতে পারে জানিয়ে চিঠিতে বলা হয়, এসব ব্যক্তি দেশের সার্বিক নিরাপত্তার জন্য 'অত্যন্ত ঝুঁকিপূর্ণ'। এ পরিস্থিতিতে পুলিশ সদর দপ্তর গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর নিরাপত্তা জোরদারের পাশাপাশি নজরদারি বৃদ্ধি ও সন্দেহভাজনদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে।

পুলিশ সদর দপ্তরের ডিআইজি পদমর্যাদার এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'এ ধরনের সতর্কতা নিয়মিত সতর্কতামূলক ব্যবস্থারই অংশ। উগ্রবাদ মাথাচাড়া দিয়ে ওঠার চেষ্টা করছে। চিঠিতে খুবই স্পর্শকাতর তথ্য আছে। ইতিমধ্যে গুরুত্বপূর্ণ স্থাপনায় কঠোর নিরাপত্তাবলয় গড়ে তোলা হয়েছে।'

ওই কর্মকর্তা আরও বলেন, স্পর্শকাতর চিঠিটি ই-মেইলে প্রতিটি ইউনিটপ্রধানের কাছে পাঠানোর মধ্যেই ফাঁস হয়ে যায়, ছড়িয়ে পড়ে সামাজিক মাধ্যমগুলোতে। চিঠিটি ফাঁস হওয়ার পর পুলিশের শীর্ষ কর্মকর্তাদের অনেকেই ক্ষোভ প্রকাশ করেছেন। পুলিশের এমন একটি গুরুত্বপূর্ণ শাখা থেকে যেসব জরুরি ও গোপনীয় চিঠিপত্র, প্রতিবেদন ফাঁস হয়ে যায়, তাতে আইনশৃঙ্খলা বাহিনী হিসেবে পুলিশের কাজকে অসফল করে তোলার হীন কোনো উদ্দেশ্য আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

জানা গেছে, অন্তর্বর্তী সরকারের আমলে ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী 'দেশে জঙ্গি নেই' বলে মন্তব্য করে আলোচিত হন। এর মধ্যেই ৩১ জানুয়ারি জঙ্গি সন্দেহে জিয়া উদ্যান থেকে গ্রেপ্তার করা হয় আহসান জহির খান নামে এক ব্যক্তিকে। ওই ঘটনায় শেরেবাংলা নগর থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা করে পুলিশ। তাকে গ্রেপ্তারের সূত্র ধরে পরে আরও চারজনকে গ্রেপ্তারের তথ্য দেয় সিটিটিসি। ওই মামলায়ই গত ২ এপ্রিল নিষিদ্ধ ঘোষিত সন্ত্রাসী সংগঠন 'নব্য জেএমবির' সঙ্গে জড়িত সন্দেহে হবিগঞ্জ থেকে আটক এক শিশুকে হেফাজতে নেওয়ার কথা জানায় ডিএমপি। পর দিন ডিএমপির সংবাদ বিজ্ঞপ্তিতে আহসান জহির ও তার সহযোগীদের সঙ্গে হবিগঞ্জের ওই শিশুর যোগাযোগ আছে বলে জানানো হয়। সে ঘনিষ্ঠ সহযোগীদের মাধ্যমে শিয়া মসজিদ, পুলিশের চেকপোস্ট ও ইসকন মন্দিরে হামলার পরিকল্পনা ও উসকানি দিত বলে দাবি করছে পুলিশ।

পুলিশ সদর দপ্তরের একটি সূত্র জানায়, সারা দেশে উগ্রবাদী হামলার নতুন শঙ্কা তৈরি হয়েছে। বিশেষ করে এই তৎপরতার পেছনে একটি নির্দিষ্ট বিদেশি রাষ্ট্রের যোগসূত্র নিয়ে চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে। বিদেশে বসে থাকা কিছু মাস্টারমাইন্ড তুরস্ককে 'সেফ প্যাসেজ' হিসেবে ব্যবহার করে বাংলাদেশে নাশকতা করার পরিকল্পনা করছে। পুলিশের একটি বিশেষ ইউনিট মাঠপর্যায় থেকে দেশের রাজনৈতিক, সামাজিক তথ্য-উপাত্ত পাওয়ার পর আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ সদর দপ্তরসহ সরকারের সংশ্লিষ্টদের কাছে যে গুরুত্বপূর্ণ প্রতিবেদন পেশ করা হয়, তা তেমন একটা আমলে নেওয়া হয় না বলে অভিযোগ উঠেছে। সর্বশেষ একটি গুরুত্বপূর্ণ ও শীর্ষ স্থানীয় গোয়েন্দা সংস্থার তরফে একাধিকবার উগ্রবাদী হামলার আশঙ্কাবিষয়ক প্রতিবেদন দেওয়ার পর নড়েচড়ে বসেন সংশ্লিষ্টরা। বেশ কিছু দিন আগে ওই ইউনিটের গোয়েন্দারাই খবর পেয়ে চট্টগ্রামে গিয়ে জঙ্গি সংগঠনের গুরুত্বপূর্ণ একাধিক সদস্যকে ধরার পর তাদের হামলার পরিকল্পনার কথা জানতে পারে। এর আগেও ইউনিটটি বিভিন্ন উগ্রবাদ সংগঠনের সঙ্গে জড়িত সদস্যদের ধরে আইনের আওতায় এনেছে বলে জানা গেছে।

সংসদ ভবনসহ দেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলার শঙ্কা নিয়ে পুলিশ সদর দপ্তরের সতর্কবার্তা নতুন সরকারের জন্য ভয়ের ও চ্যালেঞ্জের বলে মনে করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক। তিনি বলেন, উগ্রবাদী সংগঠনগুলো আবারও মাথাচাড়া দিচ্ছে বলেই এ সতর্কবার্তা। এটা নাগরিকদের জন্য ভয় ও উদ্বেগের কারণ হয়ে দাঁড়াতে পারে। অতীতেও উগ্রবাদীদের আইনের আওতায় নিতে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা সক্রিয় ছিল, এখনো সক্রিয় রয়েছে। তবে উগ্রবাদীদের আটকের মধ্যে যাতে রাজনৈতিক কোনো ফায়দা না হয়, সেটি নজরে রাখতে হবে।

সূত্র জানায়, দেশে জঙ্গি বা উগ্রবাদ নেই এমন বয়ানের মধ্যেই উগ্রবাদীরা সংগঠিত হওয়ার সুযোগ পায়। এমন আশঙ্কা থেকেই শীর্ষ স্থানীয় গোয়েন্দা সংস্থার পক্ষ থেকে টানা কয়েকবার প্রতিবেদন পাঠানো হয় সরকারের শীর্ষ মহলে। পুলিশ সদর দপ্তরে জরুরি সভা হয়। সেখানে উঠে আসে উগ্রপন্থিদের হামলা নিয়ে শীর্ষ স্থানীয় গোয়েন্দা সংস্থার প্রতিবেদনটি। প্রাপ্ত তথ্যে জানা যায়, দেশের দুটি উগ্রবাদী সংগঠন লস্কর-ই-তৈয়বা (এলইটি) ও তেহরিক-ই-তালেবান পাকিস্তানের (টিটিপি) এজেন্টরা এ দেশে আসছে নানা অজুহাতে। লস্কর-ই-তৈয়বা পাকিস্তাননিয়ন্ত্রিত একটি সালাফি জিহাদবাদী ইসলামি সশস্ত্র সংগঠন। ১৯৯০ সালে হাফেজ মোহাম্মদ সাঈদ, আবদুল্লাহ ইউসুফ আযযাম ও জাফর ইকবাল আফগানিস্তানে লস্কর-ই-তৈয়বা প্রতিষ্ঠা করেন। পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের লাহোরের নিকটে মুরিদ নামক স্থানে সংগঠনটির অবস্থান। তা ছাড়া তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) একটি দেওবন্দি জিহাদি উগ্রবাদী গোষ্ঠী। সংগঠনটি মূলত আফগান-পাকিস্তান সীমান্তের উভয় পাশজুড়ে সক্রিয়।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শামসুল হককে বিজয়ী করার আহবান



শেষ পৃষ্ঠার পর নিউইয়র্ক অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট-৩০ থেকে প্রাইমারি নির্বাচনে অংশ নিচ্ছেন বাংলাদেশি বংশোদ্ভূত ডেমোক্রেট প্রার্থী এবং নিউইয়র্ক পুলিশের অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কমান্ডার ও বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি শামসুল হক। তাকে সমর্থন জানিয়ে প্রবাসী বাংলাদেশিদের উদ্যোগে গত ১৮ এপ্রিল শনিবার রাতে জ্যাকসন হাইটসে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় শামসুল হককে বিজয়ী করার আহ্বান জানানো হয়। সভায় বক্তারা বলেন, নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটির প্রতিনিধিত্ব জোরদার করতে শামসুল হকের মতো যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীর বিকল্প নেই। তারা উল্লেখ করেন, কমিউনিটির সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে তার সুস্পষ্ট ধারণা রয়েছে এবং নির্বাচিত হলে তিনি অভিবাসী জনগোষ্ঠীর স্বার্থ রক্ষায় কার্যকর ভূমিকা রাখতে পারবেন।

অনুষ্ঠানে উপস্থিত প্রবাসীরা শামসুল হকের বিভিন্ন সামাজিক ও কমিউনিটি কার্যক্রমের প্রশংসা করেন। তারা বলেন, দীর্ঘদিন ধরে তিনি স্থানীয় পর্যায়ে জনসেবামূলক কাজের সঙ্গে যুক্ত রয়েছেন এবং বিভিন্ন সামাজিক উদ্যোগে নেতৃত্ব দিয়ে আসছেন।নিজ বক্তব্যে শামসুল হক বলেন, তিনি নির্বাচিত হলে শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান এবং অভিবাসীদের অধিকার রক্ষাকে অগ্রাধিকার দেবেন। তিনি কমিউনিটির সার্বিক উন্নয়নে সবার সহযোগিতা কামনা করেন। সভায় অংশগ্রহণকারীরা প্রাইমারিতে তাকে সমর্থন দেওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন এবং বৃহত্তর বাংলাদেশি কমিউনিটিকে তার পক্ষে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমী, সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার, সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, সাবেক কর্মকর্তা ফারুক হোসেন মজুমদার, কাজী তোফায়েল আহমেদ, জ্যাকসন হাইটস এলাকাবাসীর সভাপতি শাকিল মিয়া প্রমুখ।

টাকা ছাপিয়ে ঋণ নিচ্ছে না বাংলাদেশ সরকার

২-এর পৃষ্ঠার পর কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর জানান, বন্ধ হওয়া কারখানাগুলো পুনরায় চালু করতে শিগগিরই প্রণোদনা প্যাকেজ দেওয়া হবে। পাচার হওয়া অর্থ উদ্ধারে জোরালো পদক্ষেপ অব্যাহত রয়েছে। এ ছাড়া পাঁচটি ইসলামী ব্যাংকের একীভূতকরণ বিষয়ে সরকার এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নেয়নি। তিনি বলেন, এটি একটি সময়সাপেক্ষ কাজ। ভবিষ্যতে এই ব্যাংকগুলোকে পুনঃমূলধনিকরণ বা বেসরকারি খাতে ছেড়ে দেওয়ার বিষয়গুলো নিয়ে আলোচনার সুযোগ রয়েছে।

বাজেটে অগ্রাধিকার পাবে শিক্ষা ও স্বাস্থ্য

অর্থমন্ত্রী বলেন, আসন্ন জাতীয় বাজেটে স্বাস্থ্য ও শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে। স্বাস্থ্যসেবা শক্তিশালী করা, শিক্ষায় প্রবেশাধিকার এবং দক্ষতা উন্নয়ন কার্যক্রম জোরদারে বরাদ্দ বাড়ানো হবে। দেশের ডেমোগ্রাফিক ডিভিডেন্ড কাজে লাগাতে স্বাস্থ্য ও শিক্ষায় বিনিয়োগ বাড়ানো জরুরি। কারিগরি ও ভোকেশনাল শিক্ষার সম্প্রসারণের ওপরও গুরুত্ব দেওয়া হবে। মানুষের পকেট থেকে স্বাস্থ্য ব্যয় কমানো এবং প্রাথমিক স্বাস্থ্যসেবা জোরদার করা হবে।

অর্থমন্ত্রী বলেন, এসএমই ও স্টার্টআপ খাত কর্মসংস্থান এবং অর্থনীতির মেরুদণ্ড। গ্রামীণ কুটিরশিল্প, কারিগর ও সৃজনশীল অর্থনীতিকে মূলধারায় আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। ডিজাইন, ব্র্যান্ডিং ও মার্কেটিং সহায়তার মাধ্যমে পণ্য আন্তর্জাতিক বাজারে পৌঁছে দেওয়ার চেষ্টা করা হচ্ছে, যা রপ্তানি ও কর্মসংস্থান বাড়াবে।

অর্থনৈতিক চ্যালেঞ্জ

অর্থমন্ত্রী স্বীকার করেন, ব্যাংকিং খাতের দুর্বলতা, মুদ্রার অবমূল্যায়ন এবং উচ্চ মূল্যস্ফীতি বেসরকারি খাতকে চাপে রেখেছে। অনেক শিল্পপ্রতিষ্ঠান প্রত্যাশা অনুযায়ী কাজ করতে পারছে না এবং কর্মসংস্থান কমেছে। এ কারণে বর্তমান পরিস্থিতিতে কর-জিডিপি অনুপাত বাড়ানো কঠিন। ব্যবসার অবস্থার উন্নতি না হলে রাজস্ব আয় বাড়ানো সম্ভব নয়।

তিনি বলেন, এনবিআরকে দুই ভাগ করার বিষয়ে একটি কমিটি গঠন করে দেওয়া হয়েছে। কমিটির সুপারিশ পেলে সে অনুযায়ী পদক্ষেপ নেওয়া হবে। বিনিয়োগ বাড়াতে ডিরেগুলেশনের ওপর গুরুত্ব দেওয়া হবে। শ্রমিক দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষায় বিনিয়োগ এবং নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়িয়ে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা হবে। বাজারের কার্যক্রম আইন প্রয়োগের মাধ্যমে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়; বাজারকে চাহিদা ও জোগানের ভিত্তিতে পরিচালিত করতে হবে।

ভ্যাট ফাঁকি রোধ এবং করের ভিত্তি বাড়াতে সব পণ্যে কিউআর কোড বা আধুনিক ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা চালুর পরিকল্পনার কথা জানান জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খান। তামাকজাত পণ্য, বোতলজাত পানীয়সহ একাধিক পণ্যে কিউআর কোড বসানোর চিন্তা করা হচ্ছে বলে জানান তিনি। অনুষ্ঠানে অর্থ সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সচিব নাজমা মোবারেকসহ বিভিন্ন সংবাদমাধ্যমের সম্পাদক ও প্রতিনিধিরা বক্তব্য দেন।

ইআরএফের প্রস্তাবনা ইআরএফ সভাপতি দৌলত আকতার মালা ২০২৬-২৭ অর্থবছরের জন্য সংগঠনের বাজেট প্রস্তাব তুলে ধরেন। এতে বলা হয়, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে শুধু মুদ্রানীতি যথেষ্ট নয়। বাজারে সিন্ডিকেট ভাঙা, চাঁদাবাজি বন্ধ করা এবং নিত্যপণ্যে ন্যায্যমূল্য নিশ্চিত করতে হবে। বেসরকারি বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়াতে বিনিয়োগবান্ধব পরিবেশ, শিল্প পুনরুজ্জীবন এবং উদ্যোক্তাদের সহায়তা নিশ্চিত করতে হবে।

বাংলাদেশে হাম এখন 'উচ্চ ঝুঁকিপূর্ণ' রোগ

৫-এর পৃষ্ঠার পর জোরদার করা প্রয়োজন।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিবেদন অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত দেশে ১৯ হাজার ১৬১ জন সন্দেহভাজন হাম রোগীর তথ্য পাওয়া গেছে। পরীক্ষাগারে নিশ্চিত রোগীর সংখ্যা প্রায় দুই হাজার ৮৯৭। একই সময়ে হামের উপসর্গ নিয়ে মারা গেছে ১৬৬ জন, যার মধ্যে নিশ্চিত মৃত্যু ৩০টি। মৃত্যু হার ১ দশমিক ১ শতাংশ। এ সময় হাসপাতালে ভর্তি হয়েছে ১২ হাজার ৩১৮ জন রোগী, আর সুস্থ হয়ে বাড়ি ফিরেছে প্রায় ৯ হাজার ৭৭২ জন।

এদিকে স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ তথ্য মতে, গতকাল শুক্রবার সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে সাত শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে চিকিৎসা নিয়েছে এক হাজার ২১৫ জন। পরীক্ষায় হাম শনাক্ত হয়েছে ১৭২ জনের। হাসপাতালে ভর্তি হয়েছে ৮৬০ জন। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে ২৯ হাজার ৫৪৯ জন সন্দেহভাজন হাম রোগীর তথ্য পেয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। তাদের মধ্যে মৃত্যু হয়েছে ১৯৮ জনের। পরীক্ষায় নিশ্চিত হাম শনাক্ত করা গেছে চার হাজার ২৩১ জনের। তাদের মধ্যে মৃত্যু হয়েছে ৪২ জনের।

বস্তি এলাকায় রোগী বেশি

সবচেয়ে বেশি রোগী পাওয়া যাচ্ছে ঢাকা বিভাগে, এরপর রাজশাহী, চট্টগ্রাম ও খুলনা বিভাগে উল্লেখযোগ্য সংখ্যক সংক্রমণ শনাক্ত হয়েছে। ঢাকার ঘনবসতিপূর্ণ বস্তি এলাকায় রোগীর হার বেশি। ডেমরা, যাত্রাবাড়ী, কামরাঙ্গীরচর, কড়াইল, মিরপুর ও তেজগাঁও শিল্পাঞ্চলে সংক্রমণ তুলনামূলক বেশি দেখা যাচ্ছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলছে, এই প্রাদুর্ভাবে সবচেয়ে বেশি আক্রান্ত হচ্ছে শিশুরা। সন্দেহভাজন মৃত্যুর বেশির ভাগই টিকা না পাওয়া ছোট শিশুদের মধ্যে। আক্রান্তদের ৮৩ শতাংশের বয়স পাঁচ বছরের নিচে। আর হাসপাতালে ভর্তি রোগীর ৭৯ শতাংশই পাঁচ বছরের কম বয়সী। এ ছাড়া দুই বছরের নিচে শিশুদের হার ৬৬ শতাংশ। ৯ মাসের কম বয়সী শিশু ৩৩ শতাংশ।

নবজাতকদের আক্রান্ত হওয়ার বিষয়টি জনস্বাস্থ্যবিদদের জন্য বড় উদ্বেগের কারণ। সাধারণত বাংলাদেশে হামের প্রথম ডোজ (এমআর) দেওয়া হয় ৯ মাস পূর্ণ হলে। কিন্তু এর আগেই শিশুরা আক্রান্ত হওয়ার পেছনে কারণ কী জানতে চাইলে শিশু হাসপাতালের অধ্যাপক ডা. শাকিল আহম্মদ বলেন, প্রাকৃতিকভাবে নবজাতক জন্মের সময় তার মায়ের শরীর থেকে প্লাসেন্টার মাধ্যমে হামের বিরুদ্ধে কিছু অ্যান্টিবডি বা রোগ প্রতিরোধ ক্ষমতা নিয়ে জন্মায়। এই ক্ষমতা শিশুকে জীবনের প্রথম কয়েক মাস রক্ষা করে। তবে সমস্যা, যদি মা নিজে হামের টিকা না নিয়ে থাকেন বা ছোটবেলায় হামে আক্রান্ত না হন, তবে তার শরীরে পর্যাপ্ত অ্যান্টিবডি থাকে না। ফলে তার শিশু জন্মগতভাবেই এই সুরক্ষা থেকে বঞ্চিত হয় এবং ৯ মাস হওয়ার আগেই আক্রান্ত হওয়ার ঝুঁকিতে থাকে। ভাইরাসের প্রকোপ যখন তীব্র হয়, তখন শিশুদের শরীরে থাকা মায়ের দেওয়া সামান্য অ্যান্টিবডি সেই ভাইরাসের লোড সামলাতে পারে না। ফলে টিকার বয়স হওয়ার আগেই শিশুটি আক্রান্ত হয়ে পড়ে। আক্রান্ত শিশুদের একটি বড় অংশ অপুষ্টিতে ভুগছে। যেসব শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল বা যাদের শরীরে ভিটামিন 'এ'-র ঘাটতি রয়েছে, তারা অত্যন্ত সংবেদনশীল হয়। সামান্য সংস্পর্শেই ভাইরাসটি তাদের শরীরে বাসা বাঁধতে পারে।

রোগের প্রকৃতি ও ঝুঁকি

হাম একটি অত্যন্ত সংক্রামক ভাইরাসজনিত রোগ, যা বাতাসের মাধ্যমে ছড়ায়। সংক্রমণের সাত থেকে ১৪ দিনের মধ্যে জ্বর, সর্দি, কাশি, চোখ লাল হওয়া এবং মুখে সাদা দাগ দেখা দেয়। পরে শরীরে ফুসকুড়ি ওঠে। রোগটি সাধারণত মৃদু হলেও নিউমোনিয়া, ডায়রিয়া, এনসেফালাইটিস, এমনকি মৃত্যু পর্যন্ত ঘটাতে পারে। অপুষ্ট শিশু, ভিটামিন 'এ'ঘাটতিতে ভোগা শিশু এবং দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতার ব্যক্তিরা বেশি ঝুঁকিতে থাকে।

দেশের এমন পরিস্থিতি মোকাবিলায় ইতোমধ্যে দেশব্যাপী হাম-রুবেলা (এমআর) টিকাদান কর্মসূচি শুরু হয়েছে। ছয় থেকে ৫৯ মাস বয়সী শিশুদের টিকার আওতায় আনা হচ্ছে, এমনকি ছয় থেকে আট মাস বয়সীদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ছাড়া ভিটামিন 'এ'সরবরাহ, হাসপাতালের প্রস্তুতি বাড়ানো, নজরদারি জোরদার, রোগী শনাক্ত ও রিপোর্টিং উন্নত করা এসব কার্যক্রম চলমান রয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা পরামর্শ দিয়েছে, টিকার দুই ডোজে অন্তত ৯৫ শতাংশ কভারেজ নিশ্চিত করতে হবে। দ্রুত রোগ শনাক্ত ও নজরদারি জোরদার এবং সীমান্ত এলাকায় বিশেষ নজর দিতে হবে। এ ছাড়া ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিয়ে টিকা দিতে হাসপাতালগুলোতে সংক্রমণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করার কথা বলা হয়েছে।

এদিকে ২৪ এপ্রিল বিকেলে মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালে আকস্মিক পরিদর্শন গিয়ে স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল বলেন, বিগত দুই সরকারের সম্পূর্ণ ব্যর্থতা, টিকা না দেওয়ার জন্যই হামের প্রাদুর্ভাব বেড়েছে। ২০২০ সালের ডিসেম্বরের পরে দেশে হামের টিকা প্রদানে সচেতনতামূলক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়নি। গত ছয় বছরে দেশে হামের ক্যাম্পেইন করেনি বিগত সরকার। বিগত দুই সরকারের ব্যর্থতায় শিশুদের হামের টিকা না দেওয়ার কারণে দেশে হামের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এরই মধ্যে সারাদেশে পূর্ণাঙ্গভাবে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। দ্রুত সময়ে হামের প্রকোপ নিয়ন্ত্রণে চলে আসবে বলে আশা করেন তিনি।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

বাংলাদেশিদের উদ্যোগে সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে বহুজাতিক কমিউনিটির মিলনমেলা









বাংলাদেশিদের উদ্যোগে সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে বহুজাতিক কমিউনিটির মিলনমেলা

















১৬ মে নিউইয়র্কে ইউএসবিসিসিআই রিয়েল এস্টেট এক্সপো

শেষ পৃষ্ঠার পর এক হাজারের বেশি পেশাজীবী ও বিনিয়োগকারীর অংশগ্রহণের আশা করা হচ্ছে। আয়োজকরা জানান, দিনব্যাপী এই ইভেন্টে নেটওয়ার্কিং সেশন, প্যানেল আলোচনা, প্রদর্শনী এবং বিনিয়োগ ও প্রযুক্তিনির্ভর বিভিন্ন আলোচনা অনুষ্ঠিত হবে।

ইউএসবিসিসিআই'র পক্ষ থেকে জানানো হয়, এই আয়োজনের মাধ্যমে আন্তর্জাতিক রিয়েল এস্টেট বাজারে নতুন বিনিয়োগ সুযোগ সৃষ্টি হবে এবং ব্যবসায়িক সম্পর্ক আরও শক্তিশালী হবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনটির সভাপতি লিটন আহমেদ, ডিরেক্টর শেখ ফরহাদ, ইসমাইল আহমেদ, আহাদ আলী সিপিএ, লোন অফিসার জাহাঙ্গীর গাজী এবং স্পন্সর প্রতিষ্ঠানের ফাহিম হোসেন।





'গুপ্ত' ইস্যু: ছোট শব্দে বাংলাদেশে

২-এর পৃষ্ঠার পর জটিল হওয়ার আশঙ্কা রয়েছে। তারা বলছেন, সংস্কার ও 'জুলাই সনদ' ইস্যুতে ইতিমধ্যে বিরোধী রাজনৈতিক শক্তিগুলো মাঠে সক্রিয়, যার প্রতিফলন দেখা যাচ্ছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেও।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক কাজী মোহাম্মদ মাহবুবুর রহমান বলেন, 'গণ-অভ্যুত্থানের শক্তির মধ্যে অনেক শক্তিই ভেবেছিল তারা ক্ষমতায় আসবে। যারা প্রত্যাশিত ভোট পায়নি তারা মনে করছে, এই সরকারকে ব্যর্থ প্রমাণ করতে পারলে তাদের জন্য ক্ষমতায় আসা সহজ হবে। এখন আমরা যাদের অনুঘটক হিসেবে দেখছি, তাদের বাইরেও দেশি-বিদেশি শক্তি থাকতে পারে।'

এই অধ্যাপক আরও বলেন, গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে যে পরিবর্তন ঘটেছে, সেই পরিবর্তনের আগের অনুঘটকও ফ্যাক্টর হিসেবে রয়ে গেছে। তাদের নিষিদ্ধ করা হলেও তাদের বিচারও কিন্তু সেভাবে হয়নি।

একাধিক ছাত্রসংগঠনের নেতা, শিক্ষার্থী ও শিক্ষকদের মতে, ৫ আগস্টের ছাত্র-গণ-অভ্যুত্থান এবং পরবর্তী ছাত্র সংসদ নির্বাচনে সাফল্যের মাধ্যমে ক্যাম্পাসে নিজেদের অবস্থান শক্ত করেছে ছাত্রশিবির। ফলে অন্তর্বর্তী সরকারের সময়ে ছাত্রদল কিছুটা চাপে ছিল। বিএনপি সরকার গঠনের পর সেই অবস্থান পুনরুদ্ধার করতে চায় সংগঠনটি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোর একাধিক সূত্র জানিয়েছে, ৫ আগস্টের পর 'ব্যাচ প্রতিনিধি' পদ্ধতির মাধ্যমে শিবির হলগুলোতে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে। পরে ডাকসু নির্বাচনে এসব প্রতিনিধিরা শিবির-সমর্থিত প্যানেল থেকে অংশ নিয়ে জয়ী হন। এতে হলভিত্তিক রাজনীতিতে ছাত্রদল পিছিয়ে পড়ে। এখন তারা দ্রুত নিজেদের অবস্থান শক্ত করতে চাইছে।

বিপ্লবী ছাত্র মৈত্রীর কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক জাবির আহমেদ জুবেল বলেন, ক্যাম্পাস দখলকে কেন্দ্র করে দুটি দল সন্ত্রাসী কর্মকাণ্ডে লিপ্ত হচ্ছে। ৫ আগস্টের পর শিবির করেছে, আর এখন ছাত্রদল করছে। এ কারণেই মূলত ক্যাম্পাস অস্থিতিশীল হতে শুরু করেছে।

জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন বলেন, বর্তমানে ক্যাম্পাস অস্থিতিশীল হওয়ার মূল কারণ শিবিরের 'গুপ্ত' রাজনীতি। এ ছাড়া বিভিন্ন ধরনের বট আইডির মাধ্যমে তারা ক্যাম্পাস অস্থিতিশীল করে চলছে।

তবে ছাত্রদলকে উদ্দেশ করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি ও ইসলামী ছাত্রশিবিরের আন্তর্জাতিক সম্পাদক সাদিক কায়েম বলেছেন, 'রাষ্ট্রের অন্যান্য সমস্যাগুলোকে (তেল সংকট, আইনশৃঙ্খলা) ঢাকতে তারা এ ধরনের পরিস্থিতি সৃষ্টি করছে। ডাকসুর পক্ষ থেকে ক্যাম্পাস স্থিতিশীল রাখতে আমরা সচেষ্ট আছি।'

এ ছাড়া ডাকসু নির্বাচন ঘিরেও রয়েছে নানা হিসাব-নিকাশ। ছাত্রশিবির চায় তাদের বর্তমান অবস্থান ধরে রাখতে, আর ছাত্রদল চায় হলভিত্তিক নিয়ন্ত্রণ পুনরুদ্ধার করতে। সংশ্লিষ্টরা বলছেন, ডাকসুর মেয়াদ শেষ হতে আর মাত্র কয়েক মাস বাকি। নির্বাচন সামনে রেখে প্রশাসনের ওপর চাপ তৈরি এবং শক্তি প্রদর্শনের অংশ হিসেবেই ছোট ছোট ইস্যুকে বড় করে তোলা হচ্ছে। সম্ভাব্য নির্বাচনে প্রভাব বিস্তার, অবস্থান শক্ত করা এবং সমর্থন বাড়ানোর লক্ষ্যেই আগাম শক্তি প্রদর্শনের প্রবণতা দেখা যাচ্ছে। এ জন্যই ছোটখাটো ইস্যুকে সামনে রেখে সক্রিয় অবস্থানে তারা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, ক্যাম্পাস অস্থিতিশীলতার পেছনে মূল চালিকাশক্তি হিসেবে কাজ করে জাতীয় রাজনীতি। বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংগঠনগুলো অধিকাংশ ক্ষেত্রেই তাদের কেন্দ্রীয় রাজনৈতিক দলের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হয় এ বাস্তবতাকে পুরোপুরি অস্বীকার করার সুযোগ নেই।



নিউইয়র্কে গুলিতে ডেলি কর্মী নিহত

শেষ পৃষ্ঠার পর বি ও ইস্ট ১৩তম স্ট্রিটের একটি ডেলির সামনে গুলির খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পুলিশ।

সেখানে গিয়ে তারা দেখতে পায়, আবদুল সালেহ গুলিবিদ্ধ অবস্থায় পড়ে আছেন। একই সঙ্গে আরও এক ২৮ বছর বয়সী ব্যক্তিকেও গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয়। দুজনকেই দ্রুত বেলভিউ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা আবদুল সালেহকে মৃত ঘোষণা করেন। অপর আহত ব্যক্তি বর্তমানে চিকিৎসাধীন এবং ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন বলে জানিয়েছে পুলিশ।

এক প্রত্যক্ষদর্শী জানান, তিনি পরপর কয়েকটি গুলির শব্দ শুনতে পান। পরে বাইরে এসে দেখেন, তার পরিচিত একজন রাস্তায় পড়ে আছেন। তিনি বলেন, "আমি শুধু গুলির শব্দ শুনেছিলাম; তারপর দেখি আমার বন্ধুই রাস্তার কোণায় পড়ে আছে।"

প্রাথমিকভাবে জানা গেছে, একটি তর্ক-বিতর্কের জের ধরে এই সংঘর্ষের সূত্রপাত হয়। সেই তর্ক ডেলির ভেতর থেকে বাইরে গড়ায় এবং একপর্যায়ে গুলিবর্ষণের ঘটনায় রূপ নেয়।

নিহত আবদুল সালেহকে একজন পরিশ্রমী ও পরিবারপ্রেমী মানুষ হিসেবে বর্ণনা করেছেন তার পরিচিতজনরা। জানা গেছে, তিনি বিবাহিত ছিলেন এবং তার একটি কন্যা সন্তান রয়েছে। সম্প্রতি তিনি ইয়েমেনে পরিবারের সঙ্গে দেখা করে ফিরে এসেছিলেন।

এদিকে, ইউনাইটেড বোডেগাস অব আমেরিকা সংগঠন এই ঘটনায় জড়িতদের গ্রেপ্তারে সহায়ক তথ্যের জন্য ৫ হাজার ডলার পুরস্কার ঘোষণা করেছে। সংগঠনের নেতারা বলছেন, শহরের বিভিন্ন এলাকায় ডেলি কর্মীরা ক্রমেই ঝুঁকির মধ্যে পড়ছেন।

তারা আরও জোর দিয়ে বলেছেন, কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করতে হলে সিটি, অঙ্গরাজ্য এবং বিচার ব্যবস্থার পক্ষ থেকে আরও কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি।

পুলিশ এই ঘটনার তদন্ত চালিয়ে যাচ্ছে এবং যারা কোনো তথ্য জানেন, তাদের সামনে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে। কর্তৃপক্ষ জানিয়েছে, তথ্যদাতার পরিচয় গোপন রাখা হবে।



অসৎ নেতৃত্বের ভয়াবহতা

অসৎ নেতৃত্ব একটি রাষ্ট্র ও সমাজের জন্য চরম বিপর্যয় ডেকে আনে। লোভ, দুর্নীতি, ও অযোগ্যতার কারণে এই নেতৃত্ব দেশের শান্তি- শৃংখলা বিনষ্ট করে। উন্নয়নের চাকা স্থবির করে দেয়। ফলে সাধারণ মানুষ চরম কষ্টে নিমজ্জিত হয় এবং স্বাধীনতার প্রকৃত সুফল থেকে বঞ্চিত হয়। এ ধরনের নেতৃত্ব দেশের সম্মানিত মানুষদেরকে লাঞ্ছিত ও অপমানিত করে। সমাজে হানাহানি, ঘুষ এবং চরম নৈরাজ্যকর অবস্থার সৃষ্টি হয়। ফলে জাতিকে তিলে তিলে ধ্বংসের ধারপ্রান্তে পৌছে যায়। অসৎ নেতৃত্ব সমাজ ও রাষ্ট্রের কি কি ভয়াবহ সৃষ্টি করে তা নিম্নে উল্লেখ করা হলো:

অসম্মান ও ফাসাদ: দেশের শাসনভার যখন অসৎ ও অযোগ্য লোকদের হাতে ন্যস্ত হয় তখন তারা দেশের সম্মানিত, সৎ ও যোগ্য ব্যক্তিদের অবমূল্যায়ন ও অসম্মানিত করে। সমাজে ফাসাদ বা বিশৃংখলা, অন্যায়-অবিচার এবং অরাজকতা বৃদ্ধি পায়, যা রাষ্ট্রের সামগ্রীক উন্নয়নের পথে বাধার সৃষ্টি করে। রাষ্ট্রবিজ্ঞানী ও সমাজতাত্বিকদের মতে কোন দেশের অসৎ বা স্বৈরাচারী নেতৃত্ব যখন ক্ষমতা কুক্ষিগত করতে চায়, তখন তারা মূলত এই দু'টি পথই বেছে নেয়: এক, দেশের সম্মানিত ব্যক্তিদের অবমাননা: সমাজের বিবেক হিসেবে পরিচিত বুদ্ধিজীবি, আলেম, ইসলামী স্কলার, শিক্ষাবিদ বা গুণীজনদের চরিত্র হনন বা অপদস্থ করা হয়। এর উদ্দেশ্য হচ্ছে, যাতে সাধারণ মানুষ সঠিক দিকনির্দেশনা পাওয়ার মতো কাউকে না পায় এবং সমাজে কোন নৈতিক আদর্শ অবশিষ্ট না থাকে। দুই, ফাসাদ বা বিশৃংখলা সৃষ্টি: বিভাজন (Divide and Rule) তৈরির মাধ্যমে জনগণের মধ্যে অনৈক্য, ঘৃণা এবং অস্থিরতা ছড়িয়ে দেয়। যখন মানুষ নিজেদের মধ্যে বিবাদে লিপ্ত থাকে, তখন নেতৃত্বের অন্যায় কাজগুলো আড়ালে পড়ে যায় এবং তাদের জবাবদিহিতার মুখোমুখি হতে হয় না। ইসলামী দর্শনে যাকে 'ফাসাদ ফিল আরদ' বা জমিনে বিশৃংখলা সৃষ্টি হিসাবে চিহ্নিত করা হয়েছে।

আল কুরআনে আল্লাহ তা'আলা এই একই কথা বলেছেন,"সে বলল, কোন বাদশাহ যখন কোন দেশে ঢুকে পড়ে তখন তাকে বিপর্যস্ত করে এবং সেখানকার মর্যাদাশীলদের লাঞ্ছিত করে এ রকম কাজ করাই তাদের রীতি।"*(সুরা নমল:৩৪)* অর্থাৎ অসৎ নেতৃত্ব যখন কোন জনপদের দায়িত্ব গ্রহণ করে, তখন সে সেখানকার সংশোধন ও মঙ্গল না করে সেখানকার ধন সম্পদ লুটে নেয়। এ জন্য সে জমিনে ফাসাদ ও বিশৃংখলা সৃষ্টি করে এবং সংশ্লিষ্ট জাতিকে এতটা মতাহীন করে দেয় যার ফলে সে আর কখনো মাথা উঁচু করে নিজের অংশটুকু চাইতে না পারে। এ উদ্দেশ্যে সে তার সমৃদ্ধি, শক্তি ও মর্যাদার যাবতীয় উপায়-উপকরণ খতম করে দেয়। তার দেশে যেসব লোকের মধ্যে আত্ম-মর্যাদাবোধের লেশমাত্র সঞ্জীবিত থাকে তাদেরকে দলিত মথিত করে। তার লোকদের মধ্যে তোষামোদ প্রিয়তা পরস্পরের মধ্যে হানাহানি, কাটাকাটি, একে অন্যের গোয়েন্দাগীরি করা, নিজের সভ্যতা-সংস্কৃতিকে হেয় মনে করা, শক্তিশালী প্রতিবেশীদের তোয়াজ করা, তাদের সভ্যতা- সংস্কৃতিকে গোলামী দান করা এবং এমনিভাবে অন্যান্য নীচ ও ঘৃণিত গুণাবলী সৃষ্টি করা। ফলে তারা নিজেদের পবিত্রতম জিনিস বিক্রি করে দিতে ইতস্তত করে না।

দুর্নীতি ও অব্যবস্থাপনা: যখন কোন জনপদে অসৎ নেতৃত্ব নির্বাচিত হয়, তখন দেশ আকণ্ঠ দুর্নীতিতে নিমজ্জিত হয়। ক্ষমতার অপব্যবহার এবং প্রশাসনিক অদক্ষতার কারণে রাষ্ট্র ও সমাজের ভিত্তিকে দুর্বল করে এবং উন্নয়নের প্রধান অন্তরায় হয়ে দাঁড়ায়। ক্ষমতার অপব্যবহার করে ব্যক্তিগত স্বার্থ হাসিল, ঘুষ, স্বজনপ্রীতি, অর্থ পাচার এবং সরকারী সম্পদ আত্মসাতের মাধ্যমে সমাজকে ভঙ্গুর করে তোলে। দেশের সম্পদ লুণ্ঠন করে বিদেশে পাচার করে দেয়। দেশের বাইরে সম্পদের পাহাড় গড়ে তোলে। ফলে দেশের অর্থনীতি গভীর সংকটে নিমজ্জিত হয়।

ধ্বংসকর অবস্থার সৃষ্টি: অসৎ নেতৃত্ব একটি সমাজ, রাষ্ট্র বা প্রতিষ্ঠানের জন্য কতটা ধ্বংসাত্মক, যা তাদের দুর্নীতি, অরাজকতা, অর্থনৈতিক পতন এবং নৈতিক অবক্ষয়ের মাত্রা থেকে জানা যায়। এ ধরনের নেতৃত্ব ক্ষমতার লোভ ও আত্মস্বার্থ চরিতার্থ করতে গিয়ে জনগণের অধিকার হরণ করে এবং ন্যায়বিচার প্রতিষ্ঠায় বাঁধাগ্রস্ত করে, যার কারণে চারদিকে একটি ধ্বংসকর অবস্থার সৃষ্টি হয়।

অধিকার বঞ্চনা: অসৎ নেতৃত্বের ফলে মানুষ মৌলিক অধিকার থেকে বঞ্চিত হয়, নাগরিক সুযোগ-সুবিধা ও ন্যায্য অধিকার ভুলুণ্ঠিত হয়, সমাজ জীবনের নিরাপত্তা কমে যায় এবং ন্যায়বিচার বাধাগ্রস্ত হয়। ক্ষমতার অপব্যবহারের কারণে দেশের মানুষের ভাগ্য বদলায় না, বরং তারা ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হয়ে জুলুমের শিকার হয়। জনকল্যাণের পরিবর্তে ব্যক্তিগত স্বার্থ সিদ্ধি নেতৃত্বের অন্যতম বৈশিষ্ট্য যা সমাজ বা রাষ্ট্রের জন্য অত্যন্ত ক্ষতিকর।

অযোগ্যদের অধিপত্য: কোন রাষ্ট্রে যখন অসৎ ও অযোগ্য নেতৃত্ব পরিচালনার দায়িত্ব পায় তখন দেশের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে অভিজ্ঞ ও সৎ-যোগ্য ব্যক্তিদের পরিবর্তে দালাল, অযোগ্য, চাটুকার ও দুর্নীতিবাজদের সমাবেশ ঘটে। দুর্নীতিবাজ সরকারের এটি একটি প্রধান বৈশিষ্ট্য। অথচ যোগ্যদের প্রাধান্য বা মেধার মূল্যায়ন একটি সুষ্ঠ সামজ ও কর্মপরিবেশ তৈরির মূল ভিত্তি। সৎ, অভিজ্ঞ এবং দক্ষ ব্যক্তিদের গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং বাহ্যিক সৌন্দর্যের পরিবর্তে কর্মদক্ষতাকে প্রাধান্য দিলে কাজের মান ও উৎপাদনশীলতা বৃদ্ধি পায়। এর মাধ্যমে মেধার সঠিক মূল্যায়ন নিশ্চিত হয়, যা অযোগ্যদের সুযোগ কেড়ে নিয়ে প্রকত মেধাবীদের সামনে নিয়ে আসে। কিন্তু সরকার যদি নিজেই সৎ ও দেশপ্রেমিক না হয় ববং অসৎ ও দুর্নীতিবাজ হয় তাহলে তার চারদিকে দালাল ও চাটুকার শ্রেনী অযোগ্যদের সমাবেশ ঘটে।

সামাজিক অবক্ষয়: সামাজিক অবক্ষয়ের মূল কারণ হলো, অনৎ নেতৃত্ব, যা দুর্নীতি, মাদকাসক্তি এবং অপরাধ প্রবণতা বাড়িয়ে সমাজকে ধ্বংসের দিকে নিয়ে যায়। নীতি-নৈতিকতাহীন রাজনৈতিক ও সামাজিক নেতার ছত্রছায়ায় কিশোর গ্যাং, চাঁদাবাজ, দখল বাণিজ্য,টেন্ডারবাজ সন্ত্রাসী গ্রুপ গড়ে উঠে। উল্লেখিত অপরাধ ছাড়াও এরা নেতাদের ছত্রছায়ায় এলাকায় খুন, রাহাজানি,মারামারি, ছিনতাই, ইভটিজিং ও মেয়েদের শ্লীতাহানির মতো সামজিক অপরাধ সংঘটিত হতে থাকে। সঠিক বিচারের অভাব ও রাজনৈতিক একাধিপত্য সামজিক অস্থিরতা ও অপরাধীদের সাহস যোগায়। ফলে সে সমাজ ব্যবস্থায় রাজ্যের জাহেলিয়াত নেমে আসে। তরুনরা সঠিক দিকনির্দেশনার অভাবে ও অসৎ নেতাদেও প্ররোচনায় মাদকাসক্তসহ বিভিন্ন সামাজিক অপরাধে জড়িয়ে পড়ে। নেতারা যখন মিথ্যা, দুর্নীতি বা অন্যায়ের আশ্রয় নেন, তখন সাধারণ মানুষের মধ্যে "সততার চেয়ে চতুরতা বড়" এমন ধারণা তৈরি হয়। ক্ষমতার অপব্যবহারের ফলে আইন ও বিচার ব্যবস্থা তার নিজস্ব স্বকীয়তা হারায়। ফলে সাধারণ মানুষ ন্যায়বিচার থেকে বঞ্চিত হয় আর অপরাধীরা নিবিঘ্নে অপরাধ চালিয়ে যায়। ফলে সমাজে নৈরাজ্য ও অস্থিরতা বাড়ে।

ভবিষ্যত প্রজন্ম বিপন্ন: অসৎ ও অযোগ্য নেতৃত্বের মধ্যে সৃজনশীলতা না থাকার দরুন বিশেষত নিজেদের মধ্যে দেশপ্রেম না থাকার কারণে দেশের যুব সমাজকে সঠিক দিক নির্দেশনা প্রদান করতে পারে না। ফলে সামাজিক-সাংস্কৃতিক অবক্ষয়ের কারণে বর্তমান প্রজন্মের মানবিক মূল্যবোধ ও মানসিক স্বাস্থ্য বিপন্ন হচ্ছে। তরুনরা বাস্তব জগত থেকে ছিটকে পড়ছে। হতাশা থেকে সৃষ্টি হচ্ছে বিষন্নতা। মাদক, ইয়াবার বিস্তার এবং সাংস্কৃতিক বিচ্ছিন্নতা নতুন প্রজন্মকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে। ইতিহাস ও নিজস্ব সংস্কৃতি থেকে বিচ্ছিন্নতা প্রজন্মকে দিশাহীন করছে।

আল্লাহর রোষানল: নেতৃত্ব ও ক্ষমতা আল্লাহর দেয়া আমানত। এই আমানত যারা যথাযথ স্থানে ব্যবহার করে না, তারা মূলতঃ খিয়ানতকারী। কেবলমাত্র অসৎ ও অযোগ্য নেতৃত্বই খেয়ানতকারী ও প্রতারণ করে। আল্লাহ তা'আলা বলেন, "যারা নিজেদের সাথে খেয়ানত ও প্রতারণা করে, তুমি তাদের সমর্থন করো না। আল্লাহ খেয়ানতকারী পাপীকে পছন্দ করেন না।"*(সুরা নেসা:১০৭)* যারা আল্লাহর আমানতকে খেয়ানত করে, তদের শাস্তি সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,"হাঁ তোমরা এই অপরাধীদের পক্ষ থেকে দুনিয়ার জীবনেই বিতর্ক করে নিলে কিন্তু কিয়ামতের দিন আল্লাহর সামনে তাদের জন্য কে বিতর্ক করবে? সেখানে কে উকিল হবে?" *(সুরা নিসা:১০৯)*



নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপির কর্মীসভা









শেষ পৃষ্ঠার পর

ভূমিকা পালন করেছে তাদেরকেই কেবল প্রাধান্য দেওয়া হবে। এতদিন বিএনপি স্বৈরাচার বিরোধী আন্দোলন ও নির্বাচন নিয়ে ব্যস্ত ছিল বলে অনেকে দেশে কমিটি গঠন সম্ভব হয়নি। এখন সকল দেশে আমরা দল পুনঃগঠনর কাজ শুরু করবো। দলকে শক্তিশালী করার পাশাপাশি সরকার বিরোধী সকল ষড়যন্ত্র মোকাবেলায় আমাদেরকে সজাগ থাকতে হবে।

সংগঠনের সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরীর সঞ্চালনায় হনেতাকর্মীদের উপস্থিতিতে গেষ্ট অব অনার ছিলেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য আব্দুল লতিফ সম্রাট, বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট বিএনপির প্রাক্তন কোষাধ্যক্ষ জসিম উদ্দিন ভূইয়া, বিএনপি চেয়ারপারসন এর বৈদেশিক উপদেষ্টা কমিটির সদস্য গোলাম ফারুক শাহীন, নিউইয়র্ক মহানগর (দক্ষিন) এর সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা, সাধারণ সম্পাদক বদিউল আলম, নিউইয়র্ক মহামগর (উত্তর) বিএনপির সিনিয়ার সহ সভাপতি কাজী আমিনুল ইসলাম স্বপন,নিউইয়র্ক স্টেট বিএনপির সিনিয়ার সহ সভাপতি জসীম উদ্দিন ভিপি, বিএনপি নেতা আব্দুর সবুর, ডাঃ আব্দুস সবুর, জাফর তালুকদার ও এবাদ চৌধুরী।সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরীর সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন সিনিয়ার যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদ, কোরআন তেলওয়াত করেন আশিকুল হক, শোক প্রস্তাব পেশ করেন শরিফুল খালিশদার, মোনাজাত করেন মোমতাজ আহমদ। বক্তব্য রাখেন ইমরান শাহ রন, মোহাম্মদ সোলেমান ও মঈন উদ্দিন নটু। কর্মীসভায দলকে শক্তিশালী করার সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় কয়েক শতাধিক নেতাকর্মী উপস্থিতি ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি













ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

বি-১ এবং বি-২ ভিসা কি?

বি-১ এবং বি-২ ভিসা সম্পর্কে জানতে চেয়ে আপনাদের অনেকের কাছে থেকে আমরা চিঠি পেয়েছি। যদিও এ ব্যাপারে আমরা এর আগেও লিখেছি। আজ আবার আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে এ সম্পর্কে লেখা হলো।

যাহোক বি-১ ও বি-২ ভিসা হচ্ছে নন-ইমিগ্রান্ট ভিসা। এই ভিসায় বিদেশি নাগরিকরা সাময়িকভাবে ব্যবসা (বি-১), পর্যটন (বি-২) বা উভয় উদ্দেশ্যেই ইউএসএ'তে আসতে পারে। যদিও সেই সময়ে এই আইনটি বলবৎ থাকে।

বি-১/বি-২ ভিসায় সর্বোচ্চ ৬ মাসের জন্য ইউএসএ'তে অবস্থানের অনুমতি পেতে পারেন। মনে রাখতে হবে যে, বি-১, বি-২ ভিসা ইস্যু করার লক্ষ্য হচ্ছে সাময়িকভাবে ইউএসএ'তে ব্যবসা, পর্যটন বা চিকিৎসা করার জন্য আসা ইউএসএ'তে দীর্ঘদিন অবস্থান করার জন্য নয়।

বি-১/ বি-২ ভিসার মধ্যে পার্থক্য হচ্ছে– বি-১ ভিসা সংক্ষিপ্ত সফরের জন্য। যেমন কনফারেন্স, মিটিং, চুক্তি নিকে আলাপ-আলোচনা। কিন্তু এই বি-১ ভিসাধারীরা এদেশে এসে কাজ করতে পারবেন না।

আর বি-২ ভিসা হচ্ছে টুরিস্ট ভিসা। এই ভিসায় ইউএসএ'তে আসার উদ্দেশ্য হচ্ছে অবকাশ যাপন, ভ্রমণ বা পরিবার ও বন্ধু-বান্ধবদের সঙ্গে দেয়া সাক্ষাত করা। এই ভিসা এদেশে এসে চিকিৎসা, সামাজিক কোন অনুষ্ঠানে অর্থ না দিয়ে অংশগ্রহণ করা যায়।

বি-১/ বি-২ ভিসার জন্যে আবেদন করলে প্রমাণ করতে হবে যে, স্বল্প সময়ের জন্য ইউএসএ'তে সফরে আসবেন। সফর শেষ করে দেশে ফিরে পাওয়ার প্রমাণ দেখাত হবে।

বি-২ ভিসা সফরের জন্য কারণসমূহ উপস্থাপন করতে হবেঃ

ইউএস সহযোগীদের জন মিটিং, আলোচনা ইত্যাদি, কনফারেন্স এবং সেমিনারে অংশগ্রহণ, পেশাদার কোন পরীক্ষা বা লাইসেন্স করা।

বি-২ টুরিস্ট ভিসায় ভ্রমণের কারণ–

কোন দর্শণীয় স্থান পরিদর্শন ল্যান্ড মার্ক দেখা কিংবা এদেশের কৃষ্টি-সংস্কৃতি উপভোক করা। পরিবার ও বন্ধুদের সাথে সাক্ষাত।

মেডিক্যাল চিকিৎসা, সোস্যাল অনুষ্ঠান– কনসার্ট, রান্না শিক্ষার ক্লাস, কনভেনশন, ভেস্টিভালে অংশগ্রহণ।

প্রতিযোগিতায় অংশ নেয়া যেমন– প্রফেশনাল ইভেন্টে না হলে সেইদিন টুর্নামেন্ট বা প্রতিযোগিতার জন্য বি-২ ভিসা যথার্থ।

সংক্ষিপ্ত কোর্সের শিক্ষার মেয়াদ সপ্তাহে ১৮ ঘন্টার কম ফলে সেক্ষে বি-২ ভিসা যথার্থ।

বি-১/ বি-২ ভিসার স্ট্যাটাস পরিবর্তন করা যাবে কিনা?

বি-১/ বি-২ ভিসা স্থায়ী বসবাসের জন্য স্ট্যাটাস মঞ্জুর করে না। এটা সাময়িক ভিসা। তবে বি-১/ বি-২ ভিসার স্ট্যাটাস ইউএসএ থেকে অন্য ভিসায় পরিবর্তন করা যাবে। তবে তার জন্য কিছু শর্ত পূরন করতে হবে।

এই পক্রিয়ায় ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসে স্ট্যাটাস পরিবর্তনের আবেদন জানাতে হবে।

এই ভিসায় ইউএসএ'তে স্থায়ীভাবে বসবাসকরা যাবে না।

মে ভিসা বুলেটিন ২০২৬

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) মে ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

মে ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে কিছু অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম ● (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : মে ০১, ২০১৭।

দ্বিতীয় ● পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ ● (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ আগস্ট ০১, ২০২৪।

বি ● (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। মে ২২, ২০১৭।

তৃতীয় ● (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

ফেব্রুয়ারি ১৫, ২০১২।

চতুর্থ ● (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

সেপ্টেম্বর ১৫, ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ
২২৫ ব্রডওয়ে (১৬ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

ভালোবাসা বেবিফুড

খসরু পারভেজ

আমাকে যতই ছুড়ে ফেলে দাও, কাছে আসি
হাভাতের মতো কুড়িয়ে নিই পথের ধুলো
প্রত্যাখ্যানের ভেতর জেগে থাকে আশা
ঘৃণায় ঘুমিয়ে থাকে জনান্তিকে ফোটা ফুল

বিরান নদীতে কে দেয় ডুব সাঁতার
তীরহারা নাবিকের মতো কেঁদে ফিরে যাই
এমনি করেই ভেঙে যাবে বুঝি মাস্তুলের স্বপ্ন
কতদূরে ছুড়ে ফেলেছ আমাকে, ফেলতে পারোনি

মানুষে মানুষে এত ঘৃণা, বিষাক্ত বিদ্বেষ
তবু মানুষ তো আসে মানুষের কাছে
মানুষই ছুড়ে ফেলে দেয় মানুষের মোহচাঁদ
মৃত্যুকে পেছনে ফেলে দ্যাখো
নিরন্ন দু'ঠোঁটে ঝুলে আছে ভালোবাসা বেবিফুড

মনসাঁকো

জাফর ওবায়েদ

তোমার ছায়ার ভেতর যে মায়া ও মহত্ত্ব
তার সঙ্গেই গা ছুঁয়ে আছে এক বিকলাঙ্গ সাঁকো।

ওপারে তুমি- তোমার শৌখিন ও শংকর জীবন
এপারে আমি- আমার সরল ভবিতব্য সতর্ক প্রহরায়
গোপন যন্ত্রণা মাথায় নিয়েও পড়ে আছি মৃতের মতন।

তবু, কার ইচ্ছাতেই যেন আমি এক উতলা শ্রমিক
বিকল সাঁকোর পিছে লগ্নি করি বিপুল সময়।

ফিনিক্স

রাহেলা আক্তার

সিঁড়ির দ্বিতীয় সোপান ছুঁতেই-
একটি বিশ্বাসী হাত
আগুন থেকে টেনে তুলেছিল আমায়,
সেদিন আবার ছাইয়ের ভেতর থেকে
পুনর্জন্ম নিচ্ছিলাম ফিনিক্স পাখি হয়ে।
বিশ্বাসের মোড়ক কার্বন পেপারে জড়িয়ে
বুকের বাম পাঁজরে লুকিয়ে রাখি-
যেন হৃদয়ের এপিঠ-ওপিঠে তাজমহলের মতো
অমর কোনো প্রেমের ইতিহাস লেখা যায়।

হঠাৎ মাঝপথেই সিঁড়িতে ফাটল ধরে,
কংক্রিটের মসলা মেখে শতবার ঢাকি ভাঙন,
তবুও জোড়া লাগেনি আর
বিশ্বাসের চিরে যাওয়া রেখা।
ভাবিনি কখনো যে হাত টেনে তুলেছিল,
সেই হাতেই লুকিয়ে ছিল গোলা-বারুদ;
সিঁড়ি পার হতে না হতেই বিশ্বাসের মোড়ক
ছিদ্র হয়ে নীরব বিস্ফোরণ।

তারপর-
দগ্ধ হয়ে পুনরায় মৃত্যু হয় আমার
ফিনিক্স পাখির মতো যতবার জন্ম নিই
প্রতিবারই ছুঁড়ে ফেলা হয় পোড়া কার্বন
পেপারের ছাইয়ের স্তূপে।
যেখানে ইতিহাস নয়, শুধু বিশ্বাসঘাতকতার
দাগ অমোচনীয় হয়ে থাকে।

অন্যায় করলে

দিলীপ কির্ত্তুনিয়া

অন্যায় করলে দুই কথা শুনতে হবে কঠিন
আর একজনের ক্ষতি করলে শাস্তি সুনিশ্চিত
পালিয়ে বাঁচার কোন জায়গা নেই
না গোপনে না দূরে।
নষ্ট যে করে তার পিছু পিছু চলে
রাজার ঘোড়া। নিজের বিবেক। সমাজের লাঠি।

ভঙ্গকারীকে ছাড়ে না কথার দুর্নাম
একদিন না একদিন ধরা পড়ে যেতেই হয় ঠিক
এই জন্ম সফরে-- এখানে থাকতেই-- মৃত্যুর আগেই।



তপ্ত করতলে অস্থির আবাস

সিকানদার কবীর

দ্যাখো, তন্ন তন্ন করে খুঁজে দেখো হৃদয়ের জীর্ণ পকেট
কোথায় সোনালি মোহর?
কতোবার আমি মানুষের মোহাবিষ্ট আঙুল ছুঁয়ে বলেছি,
ওই হাত সুখের বদলে ধরে আছে শুধুই শূণ্যতা;
তোমরা তবু ক্ষিপ্র হাতে ছিন্ন করেছো মূলত সুখ
আর স্বপ্নের রুগ্ন সংসার
তোমাদের অলৌকিক মাদুলির স্পর্শ নিয়েছি ঠোঁটে
পুড়ে যাচ্ছ, পুড়ে যাচ্ছ, বলে করেছি ভয়ার্ত চিৎকার।

তথাপি অস্থির করতল ছুঁয়ে নিয়ত খান্ডবদাহন
নিরুদ্দিষ্ট সুখের যুদ্ধে মূলত সুখ আর শান্তির সমূহ বিনাশ
তাবৎ শান্তির ব্রিগেড ভস্ম করবে বলে সোৎসাহে
ছড়াচ্ছো কেবলি আগুনের হলকা;
আর আমি আগুন থেকে বাঁচাবো বলে মানবিক শরীর
পতনের ধস থেকে অস্থির আবাস
বুকের দগ্ধ হিরোশিমায় প্রস্তুত রেখেছি সহস্র সৈনিক
সমেত দমকল বাহিনী।

সবুজ পাতারা খোঁজে নতুন বৃষ্টির দেশ

মামুন সুলতান

অনন্ত জ্যোৎস্নার দেশ অন্তত এ পথে নেই
বোমারু বৃক্ষের নল
পাতার ট্রিগারে ঝুলে আছে ক্ষুদ্র ক্ষুদ্র দেশ
জামের দানার মতো মাটিলগ্নে মাইনের বীজ

সবুজ পাতারা ভয়ে মাথা নিচু করে খোঁজে
নতুন বৃষ্টির দেশ
ব্যাঙের মতোন মাথা তুলে দেখে
শিলাবৃষ্টির মতোন ধেয়ে আসছে আগুনের ঝড়

সাগরে এখন আর কিলবিল করে না মৎস্য
পানিতে তুফান তুলে দৈত্য ডুবো দানব
রণকেলির ভয়াল ঝড়ে দিশাহীন পানকৌড়ির ঝাঁক

সড়ক বাতিকে মনে হয় ব্যালিস্টিক মিসাইল
বন্ধুদেশ বলে কোনো বিশ্বস্ত রাষ্ট্র নেই
দানবের ঔদার্যে আর কতো বিলীন হবে হরিৎ-অরণ্য

অনন্ত জ্যোৎস্নার দেশ একটা স্বপ্নরাজ্যে যাবো
অথচ কোনও পথ নেই
নেই কোনও বিশ্বস্ত নিরাপদ নিরালা নিবাস।

বলার কিছু নেই

লুৎফুর রহমান চৌধুরী

বিশ্বাসের অলিন্দে দাঁড়িয়ে ছিলাম অনেকক্ষণ
হঠাৎ কিছু তারা ভেসে উঠলো আকাশের গায়ে
ভরসার হাত ধরে চলতে শুরু করলো কলম
আস্থার পিছনে লুকিয়ে ছিল কালো মেঘ
লুকিয়ে থাকা কালো মেঘ চোখে পড়েনি তখন
অন্ধ হয়ে বন্ধ দরজার দিকে ছুটে ছিল
পাগলা ঘোড়ার মত লাগামহীন মন,
তখনই সামনে এসে বাঁধা হয়ে দাঁড়ায়
স্বার্থের কয়েকটি শ্যাওলা পড়া দেয়াল।

আঁধার আর আলোর পার্থক্য বুঝতে পারিনি
বিষ পানির মত মনে হতো
মনে হতো সূর্যের আলোর মত সবকিছু পবিত্র
কিন্তু ভাবনা ছিন্নবিচ্ছিন্ন হলো ক্ষণিকের মাঝে
সঠিক সিদ্ধান্ত গুলো নিমিষেই ঝরে গেল
চোখের সামনে-

জানালার ফাঁকে থাকা শ্রদ্ধা আর ভালোবাসা
নিরবে নিভৃত কেঁদে বেড়াচ্ছে!
আমি এখন জবাবদিহি এক আসামী,
আমার কণ্ঠস্বর স্তব্ধ হয়ে গেলো
অবশেষে আমার বলার মত কিছুই নেই।

ফ্লোরিডায় বর্ণাঢ্য এশিয়ান ফুড ফেয়ার এন্ড কালচারাল এক্সপো

বাংলাদেশিদের উদ্যোগে সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে বহুজাতিক কমিউনিটির মিলনমেলা











ফ্লোরিডায় বর্ণাঢ্য এশিয়ান ফুড ফেয়ার এন্ড কালচারাল এক্সপো

বাংলাদেশিদের উদ্যোগে সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে বহুজাতিক কমিউনিটির মিলনমেলা









সবাইকে নিয়ে একসাথে চলার প্রত্যয় ধারণ করে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ ইউএসএর উদ্যোগে দুই দিনব্যাপী বৃহত্তর এশিয়ান এক্সপো ফুড ফেয়ারের বর্ণাঢ্য আয়োজনে ঘিরে বহুজাতিক কমিউনিটির লোকজনদের মিলনমেলায় পরিণত হয় ।

শনিবার ২৫ এপ্রিল দুপুরে ফ্লোরিডার ওয়েস্ট পাম বিচের সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে ঐতিহাসিক এই মেলা মিলনমেলায় বিভিন্ন দেশের সাংস্কৃতিক আয়োজন, কনসার্ট, মেলা ও ফুড কোর্ট এবং শিশুদের রাইডিং জোনে দুপুর থেকে রাত পর্যন্ত হাজার হাজার নারী, পুরুষ ও শিশুর উপস্থিতিতে উৎসবমুখর আমেজের সৃষ্টি হয়। এ আয়োজনে বাংলাদেশসহ এশিয়ার একাধিক দেশের সংস্কৃতি, কৃষ্টি ও কালচারাল শো ছিলো নজর কাড়া।

৮-এর পৃষ্ঠায় দেখুন

লায়ন্স ক্লাবের ফার্স্ট ভাইস গভর্নর শাহ নেওয়াজ





শেষ পৃষ্ঠার পর বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের ৩০ জনের মতো ডেলিগেট ও ক্লাব সদস্য অংশ নেন। সম্মেলনের হোটেল লবি বাংলাদেশিদের পদচারনায় ছিল মুখরিত। লবিতে ফার্স্ট ভাইস গর্ভনর পদপ্রার্থী বাংলাদেশি শাহ নেওয়াজের ছবি সম্বলিত ব্যানার ও ফেস্টুন শোভা পাচ্ছিল। বাংলাদেশি ক্লাবের উপদেষ্টা রানো নেওয়াজের আতিথেয়তায় সবাই ছিলেন ভ্যাকেশন মুডে। প্রথম ২ দিন সম্মেলনের রুটিন ওয়ার্কের পর ১৯ এপ্রিল রোববার সকালে নির্বাচন অনুষ্ঠিত হয়। নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের ১৬ জন ডেলিগেট সহ মোট ৬৩ জন ডেলিগেট ভোটাধিকার প্রয়োগ করেন। ডিস্ট্রিক্টের ৪১টি ক্লাবের ডেলিগেটদের গোপন ব্যালটে শাহ নেওয়াজ ফার্স্ট ভাইস গর্ভনর নির্বাচিত হন। দুপুর ১টার দিকে মুর্হুমুহ করতালির মধ্যে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়। ২০২৬ সালে ওয়াশিংটন ডিসিতে পরবর্তী এমডি ২০ কনভেনশন অনুষ্ঠিত হবে। সেখানে শাহ নেওয়াজ গর্ভনর নির্বাচিত হবেন।

এ সম্মেলনে বাংলাদেশিদের মধ্যে ডেলিগেট হিসেবে যোগ দিয়েছিলেন বিদায়ী গর্ভনর আসেফ বারী টুটুল, সাবেক সেকেন্ড ভাইস গর্ভনর লায়ন শাহ নেওয়াজ, রানো নেওয়াজ, আহসান হাবিব, রকি আলিয়ান, জেএফএম রাসেল, নিশান রহিম, হাসান জিলানী, নুরুল আজিম,মাসুদ রানা তপন, মুনমুন হাসিনা বারী, এফএমডি রকি, সাইফুল ইসলাম, অনিক রাজ, আবু বকর সিদ্দিক, আব্দুর রশীদ বাবু, বেলাল আহমেদ, বদরুদ্দোজা সাগর, আফরোজা ইসলাম, আজাজুল ইসলাম ও হাবিবুল বাহার।

গত ২১ এপ্রিল নিউইয়র্ক সিটির বিভিন্ন সংগঠন ও বিশিষ্ট ব্যক্তিবর্গ শাহ নেওয়াজের অফিসে এসে এই বিজয়ে তাকে ফুল দিয়ে অভিনন্দন জানান।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে যেন নতুন ব্যবসা নতুনভাবে বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

তাছাড়া ১ মিলিয়ন বা তদুর্ধ্ব ৩ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এসেসে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাহায্যে পাচার করতে পারেন।

দেশে কোন প্রোপার্টীয় ঝামেলা/পরিচালনা হলে আপনি ও আপনার পরিবার বা ভিসাতে সুবিধা নিয়ে পরেন এবং দুঃস্থ পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এপ্লাইলামসহ সর্বপ্রকার ক্রিমিনাল এবং সিভিল প্রেক্টিস, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিবিসম্বত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

